ESTD.1986

# ইনফরমেটিক্‌স

বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতির মুখপত্র

আগস্ট ২০১৩ - আগস্ট ২০১৫

## লাইব্রেরি অটোমেশন ও ডিজিটাইজেশন সফটওয়্যার স্লিমস্ এবং আরএফআইডি-এর উপর তিন দিনের প্রশিক্ষণ অনুষ্ঠিত




গত ২৪ এপ্রিল ২০১৫ তারিখে বেলিড ইনিস্টিটিউট অব ইনফরমেশন ম্যানেজমেন্ট, বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড) নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় এর সহযোগিতায় লাইব্রেরি অটোমেশন ও ডিজিটাইজেশন সফটওয়্যার স্লিমস্ (SLiMS) এবং আরএফআইডি (RFID) এর উপর ২৪-২৬ এপ্রিল তিনদিন ব্যাপী একটি প্রশিক্ষণ কোর্স নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় (NSU) গ্রন্থাগারের ই-রিসোর্স অ্যকসেস সেন্টারে অনুষ্ঠিত হয়। সমাপ্তি দিনে প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের জন্য এক সনদ বিতরন অনুষ্ঠানের আয়োজন করা হয়। মাননীয় বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী জনাব রাশেদ খান মেনন, এম,পি প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদ বিতরন করেন। উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রনালয়ের সংসদীয় স্ট্যান্ডিং কমিটির সদস্য মোসাঃ আখতার জাহান, এম,পি নর্থ সাউথ ইউনির্ভাসিটির বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান জনাব বেনজীর আহম্মেদ এবং উপাচার্য অধ্যাপক আমিন ইউ সরকার। এছাড়া এনএসইউ-এর কোষাধ্যক্ষ অধ্যাপক গৌর গোবিন্দ গোস্তামী গেস্ট অব অনার হিসাবে উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। সভাপতির বক্তব্য রাখেন বেলিড ও বিমের চেয়ারম্যান ড. মির্জা মোঃ রেজাউল ইসলাম। বিমের পরিচালক জনাব সামসুদ্দিন আহম্মদ এবং নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক ড. মোঃ মোস্তাফিজুর রহমান উক্ত অনুষ্ঠানে যথাক্রমে স্বাগত বক্তব্য এবং ধন্যবাদ জ্ঞাপন করেন। প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষানার্থীদেরকে গ্রন্থাগার আটোমেশন পদ্ধতি স্লিমস্ (SLiMS) এর ইনস্টলশেন, ইমপ্লিমেন্টেশন ও ব্যবহার এবং আরএফআইডি'র মাধ্যমে ট্যাগিং, সার্কুলেশন, সেলফ ইস্যু-রিটার্ন এবং সিকিউরিটি চেক পদ্ধতি সমন্ধে হাতে কলমে শিক্ষা প্রাদান করা হয়।

মাননীয় মন্ত্রী তাঁর বক্তব্যে বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে গ্রন্থাগারের ডিজিটাইজেশন পদ্ধতির প্রয়োগের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন এবং এই পেশায় পেশাজীবিদেরকে আধুনিক তথ্য প্রযুক্তির উপর প্রশিক্ষণ নেয়ার আহ্বান জানান। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের এবং প্রতিষ্ঠানের লাইব্রেরি এবং তথ্য প্রযুক্তি বিষয়ের ২৭ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণে অংশগ্রহন করেন। রির্সোস পার্সন হিসাবে দায়িত্ব পালন করেন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিয়ান ড. মোস্তাফিজুর রহমান, বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক এ, কে, এম নুরুল আলম, সাউথ ইস্ট বিশ্ববিদ্যালয়ের সহকারী গ্রন্থাগারিক ফরহাদ নোমান এবং ইউল্যাবের অফিসার-লাইব্রেরি ফাতেমা-তুজ-জোহরা।

## বেলিডের ২০তম বার্ষিক সাধারণ সভা এবং নির্বাচন



১৭ ই মার্চ ২০১৪ ধানমন্ডিস্থ ওমেন্স ভলান্টারি অ্যাসোসিয়েশন মিলনায়তনে বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড) এর ২০ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। বেলিডের চেয়ারম্যান ড. মির্জা মো. রেজাউল ইসলাম-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ বার্ষিক সাধারণ সভায় সমগ্র দেশ থেকে বেলিড সদস্যগণ অংশগ্রহণ করেন। সভায় বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করেন যুগ্ম মহাসচিব মোঃ আলম হোসেন। অর্থ সম্পাদক মো. হুমায়ুন কবীর সমিতির ২০১৪-২০১৫ সালের আর্থিক প্রতিবেদন উপস্থাপন করেন। উপস্থিত সদস্যগণ বেলিডের বার্ষিক প্রতিবেদন ও আর্থিক প্রতিবেদনের উপর আলোচনায় অংশগ্রহণ করেন।

*বাকী অংশ ২য় পৃষ্ঠায়*




বেলিড ইনস্টিটিউট অব ইনফরমেশন ম্যানেজমেন্ট (বিম) এর উদ্যোগে গত ১ ও ২ মে ২০১৪ সিরডাপ কম্পিউটার ল্যাব-এ ডিজিটাল রিপোজিটরি সফটওয়্যার ডিস্পেস (DSpace) এর উপর দুই দিনব্যাপী এক প্রশিক্ষণের আয়োজন করা হয়। বিভিন্ন প্রতিষ্ঠান থেকে ২৫ জন পেশাজীবী উক্ত প্রশিক্ষণে অংশ গ্রহণ করেন।

বেলিড ও বিমের চেয়ারম্যান ড. মির্জা মোঃ রেজাউল ইসলাম এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে দুইদিন-ব্যাপী প্রশিক্ষণে প্রধান অতিথির আসন অলংকৃত করেন সিরডাপের মহাপরিচালক জনাব চেচেপ এ্যফেন্দি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় যুগ্ম সচিব ও বেলিডের জীবন সদস্য জনাব শ্যামা প্রসাদ ব্যাপারী। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সিরডাপের আইসিটি ও ট্রেনিং প্রোগ্রামের পরিচালক ড. বাসন্তি রাজেন্দ্রন এবং সিরডাপের পাইলট প্রকল্প পরিচালক হোসেন শাহবাজ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিমের পরিচালক মোঃ শামসুদ্দিন আহমেদ। বেলিডের পক্ষ থেকে প্রধান অতিথি ও বিশেষ অতিথি-কে ক্রেস্ট প্রদান করেন বেলিড ও বিমের চেয়ারম্যান ড. মির্জা মো. রেজাউল ইসলাম। অনুষ্ঠানটি পরিচালনা করেন বেলিডের মহাসচিব শশাঙ্ক কুমার সিংহ।

প্রশিক্ষণ কার্যক্রমে রিসোর্স পার্সনের দায়িত্ব পালন করেন ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশের ডেপুটি লাইব্রেরিয়ান মোঃ জাহিদ হোসেন শোয়েব ও জুনিয়র সহকারী লাইব্রেরিয়ান মোঃ নূর আহমেদ। প্রশিক্ষণে সহায়তা করেন বেলিডের যুগ্ম মহাসচিব মোঃ আলম হোসেন, গবেষণা ও উন্নয়ন সচিব মোঃ মোখলেছুর রহমান এবং বেলিড নির্বাহী সদস্য কাজী ফরহাদ নোমান। প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদপত্র বিতরণ করেন সিরডাপের আইসিটি ও ট্রেনিং প্রোগ্রামের পরিচালক ড. বাসন্তি রাজেন্দ্রন, বেলিড ও বিম-এর চেয়ারম্যান ড. মির্জা মো. রেজাউল ইসলাম, বেলিডের সাবেক চেয়ারম্যান মো. হোচ্ছাম হায়দার চৌধুরী, বেলিডের সাবেক ভাইস চেয়ারম্যান মিনহাজ উদ্দিন আহমেদ, বিমের পরিচালক মোঃ শামসুদ্দিন আহমেদ এবং বেলিড মহাসচিব শশাঙ্ক কুমার সিংহ।




বেলিড ইনিস্টিটিউট অব ইনফরমেশন ম্যানেজমেন্ট (বিম) এবং নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে গত ০৩ সেপ্টেম্বর থেকে ০৭ সেপ্টেম্বর ২০১৩ পর্যন্ত ওপেন সোর্স ইন্ট্রিগ্রেটেড লাইব্রেরি ম্যানেজমেন্ট সফটওয়্যার Koha এর উপর ৫ দিনব্যাপী এক প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়। বিভিন্ন প্রতিষ্ঠান থেকে ২৫ জন পেশাজীবী উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

বেলিড ও বিমের চেয়ারম্যান ড. মির্জা মো. রেজাউল ইসলাম এর সভাপতিত্বে পাঁচদিন-ব্যাপী প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় তথ্য মন্ত্রী জনাব হাসানুল হক ইনু। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. আমিন ইউ সরকার এবং গেস্ট অব অনার হিসাবে উপস্থিত ছিলেন নর্থ সাউথ ইউনিভার্সিটির উপ-উপাচার্য অধ্যাপক ড. এএনএম মেশকাত উদ্দিন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ইউনিভার্সিটি লাইব্রেরিয়ান ড. মোঃ মোস্তাফিজুর রহমান। এছাড়া বক্তব্য রাখেন বিমের পরিচালক মোঃ শামসুদ্দিন আহমেদ। অনুষ্ঠানে অতিথিবৃন্দকে বেলিডের পক্ষ থেকে ক্রেস্ট প্রদান করা হয়।

প্রশিক্ষণ কার্যক্রমে রিসোর্স পার্সনের দায়িত্ব পালন করেন যথাক্রমে ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশের ডেপুটি লাইব্রেরিয়ান মোঃ জাহিদ হোসেন শোয়েব, জুনিয়র সহকারী লাইব্রেরিয়ান মোঃ নূর আহমেদ এবং সাউথ এশিয়ান বিশ্ববিদ্যালয়, নয়া দিল্লি-এর সহকারী গ্রন্থাগারিক মোঃ আব্দুল্লাহ আল-মোদাব্বের। বেলিড ও বিমের চেয়ারম্যান ড. মির্জা মোঃ রেজাউল ইসলাম এর সভাপতিত্বে সমাপনী দিনে সনদপত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন ইসলামী ইউনিভার্সিটি অব টেকনোলজী এর উপাচার্য অধ্যাপক এম ইমতিয়াজ হোসেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন নর্থ সাউথ ইউনিভার্সিটির স্কুল অব ইঞ্জিনিয়ারিং এন্ড অ্যাপলায়িড সাইন্স এর ডিন অধ্যাপক মিবতাহুর রহমান। উদ্বোধনী এবং সমাপনী অনুষ্ঠান দুটি পরিচালনা করেন নর্থ সাউথ ইউনিভার্সিটির সিনিয়র সহকারী গ্রন্থাগারিক ও বেলিডের জীবন সদস্য জনাব এম এম শোয়েব।

## বেলিডের ২০তম বার্ষিক সাধারণ সভা এবং নির্বাচন ।

*১ম পৃষ্ঠার পর*

আলোচনার পর প্রতিবেদনসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। বার্ষিক সাধারণ সভার ২য় পর্বে বেলিডের কার্যনির্বাহী পরিষদ ২০১৪ ও ২০১৫ কার্যকালের জন্য নির্বাচন অনুষ্ঠিত হয়। বেলিডের সাবেক ভাইস চেয়ারম্যান এ কে এম মফিজুল ইসলাম ও বেলিডের জীবন সদস্য জনাব জহুরুল আমিন কাইউম যৌথভাবে নির্বাচন কমিশনারের দায়িত্ব পালন করেন। নির্বাচন কমিশনার সভায় উপস্থিত সদস্যবৃন্দের মধ্য হতে প্রস্তাব আহ্বান করেন। নির্বাচন কমিশনারের আহ্বানে তিনটি প্যানেল উপস্থাপন করা হয়। তিনটি প্যানেলের মধ্যে আলাপ-আলোচনার মাধ্যমে প্রস্তাবিত সদস্যগণকে নির্বাচিত ঘোষণা করা হয় এবং সভায় উপস্থিত সদস্যবৃন্দ বিপুল করতালির মাধ্যমে তাতে সমর্থন জানান। এভাবে ২০১৪ ও ২০১৫ কার্যকালের জন্য জনাব ড. মির্জা মো. রেজাউল ইসলাম-কে চেয়ারম্যান ও জনাব শশাঙ্ক কুমার সিংহ-কে মহাসচিব করে ১৭-সদস্য বিশিষ্ট বেলিড কার্যনির্বাহী পরিষদ গঠিত হয়।

## ই-লার্নিং সফটওয়্যার ইএক্সই-এর উপর কর্মশালা অনুষ্ঠিত




২৪ শে জানুয়ারী ২০১৫ বাংলাদেশে প্রথমবারের মত ইলার্নিং সফটওয়্যার ইএক্সই-এর উপর গ্রন্থাগার পেশাজীবীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। জটিল ওয়েব পাবলিশিং অ্যাপ্লিকেশন এর উপর দক্ষতা ছাড়াই গ্রন্থাগার পেশাজীবিরা কিভাবে ওয়েব বেজড মডিউল ডিজাইন, ডেভলপ ও পাবলিশ করতে পারে তা এখানে শেখানো হয়।

এই ওয়ার্কশপে উপস্থিত অংশগ্রহণকারীবৃন্দ সহজেই পারস্পারিক সম্পর্কযুক্ত এবং লাইব্রেরি ইনস্ট্রাকশন উপর আকর্ষণীয় মডিউল তৈরি, তথ্য স্বাক্ষরতা, রেফারেন্স ব্যবস্থাপনা বিষয়ে দক্ষতা অর্জন করে। মোট ২০ টি প্রতিষ্ঠান থেকে প্রায় ২৯ জন অংশগ্রহণকারী এই কর্মশালায় অংশগ্রহণ করে। অধিকাংশ অংশগ্রহনকারীগন তাদের প্রতিষ্ঠানে ব্যবহারকারীদের প্রয়োজন অনুসারে এই মডিউল চালুর ব্যাপারে গুরুত্বারপ করেন।

সার্টিফিকেট প্রদানের সময় ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটির সহকারী গ্রন্থাগারিক মোহাম্মদ মুখলেছুর রহমান উল্লেখ করেন, ২০১৪ সালের ১১ ডিসেম্বর বেলজিয়ামের ইউনিভার্সিটি অব অ্যান্টওয়ার্প-এ ৪০ জন বিদেশী অংশগ্রহণকারীদের জন্য এই কর্মশালার আয়োজন করা হয়। সাউথইস্ট বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার প্রধান হাজেরা রহমান রিসোর্স পার্সনদের এই পদক্ষেপ নেয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।



সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি রিয়ার এডমিরাল (অব:) জনাব খুরশিদ আলম ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের মধ্যে সার্টিফিকেট বিতরণ করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরডাপের ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ডিভিশনের ডাইরেক্টর ড. বাসন্তি রাজেন্দ্রন এবং বেলিড চেয়ারম্যান ড. মির্জা মোহাম্মদ রেজাউল ইসলাম। বিম ও সিরডাপ কর্তৃক আয়োজিত এই ওয়ার্কশপটি যৌথভাবে পরিচালনা করেন বেলিড জীবন সদস্য মোমেনা খাতুন এবং যাকারিয়া রহমান।

## ইলেক্ট্রনিক রিসোর্স ব্যবহারের পর্যালোচনা ও মূল্যায়ন শীর্ষক কর্মশালা



ইন্টারন্যাশনাল নেটওয়ার্ক ফর দ্যা এভাইল্যাবিলিটি অব সায়েন্টিফিক পাবলিকেশন্স (আইএনএএসপি) এর আর্থিক সহযোগিতায় বাংলাদেশ একাডেমী অব সায়েন্স (বিএএস) ও ইন্টারন্যাশনাল সেন্টার ফর ডায়রিয়াল ডিজিজ রিসার্চ (আইসিডিডিআর,বি) এর যৌথ উদ্যোগে ইলেক্ট্রনিক রিসোর্স ব্যবহারের পর্যালোচনা ও মূল্যায়ন শীর্ষক তিন দিনের এক কর্মশালা ১৮ থেকে ২০ মার্চ ২০১৪ আইসিডিডিআরবি,র কম্পিউটার ল্যাবে অনুষ্ঠিত হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যথাক্রমে বাংলাদেশ একাডেমী অব সায়েন্সের প্রেসিডেন্ট ড. মেসবাউদ্দিন আহমদ এবং আইসিডিডিআর,বি এর ডেপুটি এক্সিকিউটিভ ডাইরেক্টর ড. আব্বাস উদ্দিন ভুঁইয়া। অন্যান্য বিশেষ ব্যক্তিদের মধ্যে সিএফডব্লিউডি এর ডাইরেক্টর ড. শাহ এম ফারুক, বাংলাদেশ একাডেমী অব সায়েন্সের ডাইরেক্টর এম, এ মাজেদ উপস্থিত ছিলেন। যুক্তরাজ্যের আইএনএএসপি এর মিস এইন পাওয়েল এবং মিস আম্রা ভেঞ্চুরিনি কর্মশালার ফ্যাসিলিট্যাটর হিসেবে দায়িত্ব পালন করেন। সহযোগী ফ্যাসিলিটেটর হিসেবে ছিলেন আই.সি.ডি.ডি.আর.বি লাইব্রেরির সিনিয়র ম্যানেজার ড. মোঃ নাজিম উদ্দিন। পর্যবেক্ষক হিসেবে শ্রীলংকার একজন গ্রন্থাগার ব্যাক্তিত্ব ছিলেন। বিভিন্ন বিশ্ববিদ্যালয়, শিক্ষাপ্রতিষ্ঠান ও গবেষণা সংস্থার আরো বিশ জন গ্রন্থাগার ব্যক্তিত্ব এতে অংশগ্রহন করেন। কর্মশালাটির উদ্দেশ্য ছিল ইলেকট্রনিক রিসোর্সের উপাত্ত ব্যবহার, ই-টুলকিটের সাথে পরিচিতকরণ এবং গুনগত ও সংখ্যাগত উপাত্তের প্রক্রিয়াকরণ ও ব্যাখ্যা নিয়ে আলোকপাত করা।

## বেলিড উচ্চ শিক্ষা বিষয়ক স্কলারশিপ চালু

দেশের গ্রন্থাগার ও তথ্যায়ন পেশায় গতিশীলতা আনয়নের লক্ষ্যে তদুপরি নবীন গ্রন্থাগার ও তথ্যায়নবিদদের মেধার উৎকর্ষতা সাধন ও মেধার স্বীকৃতি প্রদানের জন্য বেলিড বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্তাপনা বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে স্নাতক ও মাস্টার্স পরীক্ষায় সর্বোচ্চ নাম্বারধারীদের স্কলারশীপ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। যে সকল ছাত্র/ছাত্রী ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয়ের তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে স্নাতক ও মাস্টার্স পরীক্ষায় সর্বোচ্চ নাম্বার পেয়েছে তারাই এই স্কলারশীপের জন্য আবেদন করতে পারবেন। প্রতি বছর দুইজন নবীন গ্রন্থাগার ও তথ্যায়নবিদ-কে এই স্কলারশীপ প্রদান করা হবে। স্কলারশীপের আবেদনের জন্য নির্ধারিত ফরম বেলিডের ওয়েবসাইটে পাওয়া যাবে।

## ডিস্পেস রিফ্রেশার্স কোর্স এবং মার্ক ২১ শীর্ষক কর্মশালা




বিগত ২২ আগস্ট ২০১৪ বেলিড ইনিস্টিটিউট অব ইনফরমেশন ম্যানেজমেন্ট (বিম) এবং সেন্টার অন ইন্টিগ্রেটেড রুরাল ডেভেল্পমেন্ট ফর এশিয়া এন্ড দি প্যাসিফিক (সিরডাপ) এর সহযোগিতায় ডিজিটাল রিপোজিটরি সফটওয়্যার ডিস্পেস এর উপর রিফ্রেশার্স কোর্স এবং ২৩ আগস্ট মার্ক ২১ এর উপর দিন-ব্যাপী প্রশিক্ষণ কোর্স সিরডাপ এর আইসিটি সেন্টারে অনুষ্ঠিত হয়। এই প্রশিক্ষণ কর্মসুচিতে রিসোর্স পার্সন



ছিলেন আইইউবি এর উপ গ্রন্থাগারিক ড. জাহিদ হোসেন শোয়েব এবং সহকারী গ্রন্থাগারিক নূর আহাম্মদ। বিকালে এই প্রশিক্ষণের একটি সনদ বিতরন অনুষ্ঠান আয়োজিত হয়। এতে ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস-এর উপ-উপাচার্য অধ্যাপক ড. এইচ, এম, জহিরুল হক প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন এবং সনদ বিতরন করেন। উক্ত অনুষ্ঠানে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. মোঃ নাসিরুদ্দিন মিতুল এবং বিমের পরিচালক শামসুদ্দিন আহমেদ বক্তব্য প্রদান করেন এবং সভাপতিত্ব করেন বেলিডের চেয়ারম্যান ড. মির্জা মোঃ রেজাউল ইসলাম। এই প্রশিক্ষণে গ্রন্থাগার এবং তথ্য প্রযুক্তি পেশার ২৪ জন প্রশিক্ষাণার্থী অংশগ্রহন করেন। এই প্রশিক্ষণের উদ্দেশ্য ছিল মার্ক-২১ ব্যবহার করে দ্রুত ও সফলতার সাথে বিবলিওগ্রাফিক ডাটা প্রস্তুত করে লাইব্রেরি সিস্টেমে ইমপোর্ট করা। অনুষ্ঠান শেষে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করা হয়।



## মাননীয় সংসদ সদস্য মিসেস আক্তার জাহানকে সংবর্ধনা

মাননীয় সংসদ সদস্য মিসেস আক্তার জাহান, এম,পি একজন গ্রন্থাগার পেশাজীবী হিসাবে দীর্ঘ সময় কর্মরত ছিলেন এবং এ পেশার উন্নয়নে বিশেষ অবদান রেখেছেন। বাংলাদেশ গ্রন্থাগার পেশাজীবীরা তার এ অবদানের জন্য গর্বিত। গুরুত্বপূর্ণ কাজে ব্যস্ত থাকায় সংবর্ধনা অনুষ্ঠানে তিনি উপস্থিত থাকতে পারেননি, কিন্তু তিনি বেলিড চেয়ারম্যানের নিকট তার শুভেচ্ছা বার্তা পাঠান। তিনি আশাবাদ ব্যক্ত করেন যে বেলিড গ্রন্থাগার পেশাজীবীদের উন্নয়নে নিয়মিত কাজ করে যাবে। মাননীয় সংসদ সদস্যের কন্যা প্রেস ইনস্টিটিউট অব বাংলাদেশ-এর লাইব্রেরিয়ান নমিতা আখতার মুক্তি মাননীয় সংসদ সদস্যের বক্তব্য পাঠ করে শোনান এবং তার পক্ষে প্রধান অতিথির কাছ থেকে সংবর্ধনা ক্রেস্ট গ্রহণ করেন।



## বেলিড - সিরডাপ যৌথ চুক্তি স্বাক্ষর

বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড) ও Centre on Integrated Rural Development for Asia and the Pacific (CIRDAP) বাংলদেশ তথা এশিয়া ও প্রশান্ত মহাসাগর অঞ্চলের গ্রন্থগার ও তথ্যায়ন পেশায় দক্ষ জনবল তৈরি করার নিমিত্তে একটি Memorandum of Understanding (MoU) দুটি প্রতিষ্ঠানের মধ্যে সম্পন্ন হয়েছে। উক্ত চুক্তির আলোকে গত ১লা মে ও ২রা মে, ২০১৪ বেলিডের ব্যবস্থাপনায় এবং সিরডাপের সহযোগিতায় একটি ট্রেনিং প্রোগ্রাম সম্পন্ন করা হয়েছে। সিরডাপ বেলিডের একাডেমিক কার্যক্রমের সাথেও সহযোগিতা করবে বলে জানিয়েছে।

## বেলিড অনলাইন মেম্বারশিপ ডাটাবেজ আপডেট করণ

গত ২৪শে জানুয়ারি ২০১৫ বেলিড এর অনলাইন মেম্বারশিপ ডাটাবেজ আনুষ্ঠানিকভাবে চালু করা হয়। উক্ত অনলাইন ডাটাবেজে যে সকল সদস্যের ঠিকানা পরিবর্তন হয়েছে তাদেরকে নিম্নে উল্লিখিত লিংকে ভিজিট করে বর্তমান ঠিকানা ও ছবি সহ অন্যান্য হালনাগাদ তথ্য প্রদানের জন্য অনুরোধ করা হচ্ছে।

**http://balid.org/forms/member-data-update-request**

## আই ইউ টি লাইব্রেরি কর্তৃক *ELSEVIER*-এর প্রকৌশল ও বিজ্ঞান বিষয়ে ই-বুকস্ সাবস্ক্রিপশন

সম্প্রতি আইইউটি লাইব্রেরি প্রকৌশল ও বিজ্ঞান বিষয়ে প্রায় এক হজার টাইটেলে সাবস্ক্রিপশন করেছে। উক্ত ই-বুকগুলো আইইউটি'র সকল ফ্যাকাল্টি ও ছাত্রদের আনলিমিটেড ব্যবহারের জন্য উন্মুক্ত করা হয়েছে। উল্লেখ্য, ELSEVIER এই সেবাটি ব্যবহার উপযোগী ও কার্যকর বলে প্রতীয়মান হয়েছে।

## ডিজিটাল গ্রন্থাগার প্রতিষ্ঠায় ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি (আইইউটি)'র সহায়তা

সম্প্রতি গাজীপুরে অবস্থিত বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সিটিউট (বারি) একটি ডিজিটাল গ্রন্থাগার স্থাপন করেছে। ইসলামিক ইউনিভার্সিটি অফ টেকনোলজি (আইইউটি) তাদের সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে উক্ত ডিজিটাল গ্রন্থাগার প্রতিষ্ঠায় সার্বিক সহায়তা প্রদান করে। এই গ্রন্থাগার প্রতিষ্ঠার মাধ্যমে বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সিটিউটের বিভিন্ন স্তরের প্রায় ৮০০ জন গবেষক ও কর্মকর্তা-কর্মচারী গ্রন্থাগারটির ডিজিটাইজেশনের আওতায় আনা বিভিন্ন প্রকার বই, জার্নাল, গবেষণা পত্র, অনলাইন জার্নাল সার্বক্ষণিক ব্যবহারের সুবিধা পাচ্ছেন। ডিজিটাল গ্রন্থাগারটি প্রতিষ্ঠায় ওপেন সোর্স সফটওয়্যার গ্রিনস্টোন ব্যবহার করা হয়। এতে ইসলামিক ইউনিভার্সিটি অফ টেকনোলজি এর গ্রন্থাগারিক ড. মির্জা মোঃ রেজাউল ইসলাম, সহকারী প্রোগ্রামার মৌমি সোলাইমান এবং গ্রন্থাগার কর্মকর্তা মোঃ আহসান হাবীব স্বতঃস্ফুর্ত ভাবে সহযোগিতা প্রদান করেছেন। গ্রন্থাগারটি প্রতিষ্ঠার যাবতীয় কাজ সম্পন্নের পাশাপাশি, তারা বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সিটিউটের গ্রন্থাগারের সংশ্লিষ্ট কর্মীদেরকে হাতে কলমে উচ্চমান সম্পন্ন প্রশিক্ষণ প্রদান করেন। এতে করে, প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ নিজ প্রতিষ্ঠানের ডিজিটাল গ্রন্থাগার রক্ষনাবেক্ষণ ও উন্নয়ন সাধন করতে, একই সাথে তারা তাদের সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে অপর একটি অলাভজনক প্রতিষ্ঠানকে ডিজিটাল গ্রন্থাগার প্রতিষ্ঠায় একই ভাবে সহায়তা প্রদান করতে সক্ষমতা অর্জন করেছেন।

এক থেকে দুই, দুই থেকে চার পারস্পরিক সহযোগিতার এই পদ্ধতিতে অতি দ্রুত সারা দেশে ডিজিটাল গ্রন্থাগার স্থাপন করা সম্ভব হবে। সে সাথে, বর্তমানে ডিজিটাল সুবিধার বাইরে থাকা গ্রন্থাগারসমূহ অতি দ্রুততার সাথে ডিজিটাল গ্রন্থাগার প্রতিষ্ঠায় সক্ষম হবে এবং দেশের অভ্যন্তরে সত্যিকারের একটি ডিজিটাল গ্রন্থাগার নেটওয়ার্ক গড়ে উঠবে। এই পদ্ধতিতে সম্পূর্ণ বিনামূল্যে প্রাপ্ত ওপেন সোর্স সফটওয়্যার নিয়ে ডিজিটাল গ্রন্থাগার প্রতিষ্ঠিত করা সম্ভব হবে। ফলশ্রুতিতে, দেশের প্রতিটি অঞ্চলে অবস্থিত প্রতিষ্ঠান সমূহ নিজস্ব ডিজিটাল গ্রন্থাগার স্থাপনের পাশাপাশি গ্রন্থাগার কর্মকর্তা ও কর্মীদেরকে উচ্চমান সম্পন্ন প্রশিক্ষণে প্রশিক্ষিত করতে পারবে। একই সাথে সারা দেশে গ্রন্থাগার ব্যবহারকারীদের দোরগোড়ায় ডিজিটাল গ্রন্থাগারের সেবা পৌঁছে দেবার পাশাপাশি গ্রন্থাগারের সেবার মান উন্নয়ন এবং গ্রন্থাগার কর্মীদের মর্যাদা সমুন্নত হবে।

## বেলিডের আইসিটি উইং গঠন

দেশে গ্রন্থাগার ও তথ্যায়ন পেশায় সনাতন পদ্ধতির পরিবর্তে আধুনিক প্রযুক্তির সাথে পরিচিতকরণ ও ব্যবহারের লক্ষ্যে বেলিড গ্রন্থাগার ও তথ্যায়ন পেশায় আধুনিক প্রযুক্তিতে দক্ষ ও অভিজ্ঞ পেশাজীবীদের নিয়ে একটি আইসিটি উইং গঠন করেছে। এই উইং দেশের গ্রন্থাগার ও তথ্যকেন্দ্রগুলোতে কর্মরত গ্রন্থাগার পেশাজিবীদের আইসিটি বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ প্রদান, চাহিদামাফিক সফটওয়্যার তৈরির পাশাপাশি সফটওয়্যার ইনস্টলেশন, কাস্টমাইজেশন, আপগ্রেডেশন এবং ডাটা এন্ট্রি'র কাজ করবে।

## সাভার রানা প্লাজায় ক্ষতিগ্রস্তদের মাঝে বেলিডের আর্থিক সহায়তা প্রদান



গত ২১ সেপ্টেম্বর ২০১৩ তারিখে সাভার রানা প্লাজায় ক্ষতিগ্রস্তদের মাঝে আর্থিক সহায়তা প্রদান করার লক্ষ্যে বেলিডের চেয়ারম্যান ড. মির্জা মো. রেজাউল ইসলাম ও বিমের পরিচালক জনাব মোঃ শামসুদ্দিন আহমেদ দৈনিক প্রথম আলো কার্যালয়ে মেরিল প্রথম আলো সাভার সহায়তা তহবিলে প্রথম আলোর যুগ্ম সম্পাদক জনাব আনিসুল হক এর নিকট ৩৬,০০০,০০ (ছত্রিশ হাজার টাকা) একটি চেক হস্তান্তর করেন। চেক হস্তান্তর অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জনাব ড. মোঃ নাজিম উদ্দিন, সিনিয়র ম্যানেজার, আইসিডিডিআর'বি, জনাব হাজেরা রহমান, ডেপুটি লাইব্রেরিয়ান, সাউথ ইস্ট বিশ্ববিদ্যলয়, একেএম মোজাম্মেল হক, অবসরপ্রাপ্ত প্রিন্সিপাল লাইব্রেরিয়ান, বিসিএসআইআর এবং আজিজ আহমেদ, সমন্বয়কারী, প্রথম আলো ট্রাস্ট প্রমুখ।

## সিস্টেম লাইব্রেরিয়ানদের জন্য ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে কর্মশালা



কর্মশালায় অংশগ্রহনকারী ও অতিথিবৃন্দ

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের আয়েশা আবেদ লাইব্রেরি সম্প্রতি সিস্টেম লাইব্রেরির উপর দু'টি কর্মশালার আয়োজন করে। বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং গবেষণা প্রতিষ্ঠানের ৪২ জন গ্রন্থাগার পেশাজীবীগণ এই কর্মশালায় অংশগ্রহন করেন। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং বাংলাদেশ INASP PERI Consutium এর কর্মকর্তাবৃন্দ এই কর্মশালায় প্রতিনিধিত্ব করেন। দু'টি কর্মশালা দুই পর্বে অনুষ্ঠিত হয়। কর্মশালায় বিভিন্ন গ্রন্থাগার পদ্ধতি এবং হাতিয়ার এবং ওপেন সোর্স সফটওয়্যার এবং ওয়েব ডেভেলপমেন্ট টুলস সমন্ধে পরিচিতি প্রদান করা হয়।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক সৈয়দ সাদ আন্দালিব প্রথম কর্মশালাটির সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন। দ্বিতীয় কর্মশালাটির মে ২০ থেকে ২১ পর্যন্ত অনুষ্ঠিত হয় এবং এই পর্বে ই-রিসোর্স ম্যানেজমেন্টের টেকনিক্যাল বিষয় গুলো নিয়ে আলোকপাত করা হয়। এই কর্মশালাটির সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ব্রাক বিশ্ববিদ্যালয়ের বিজেনেস স্কুলের একজন অধ্যাপক এবং বাংলাদেশ ব্যাংকের প্রাক্তন গর্ভণর ড. সালেহ উদ্দিন আহম্মেদ। প্রধান অতিথিদ্বয় কর্মশালায় অংশগ্রহনকারীদের মধ্যে সনদ বিতরণ করেন। ব্রাক বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিয়ান মিসেস হাসিনা আফরোজ ও তার সহকর্মীদের নিয়ে এই কর্মশালাটির আয়োজন ও পরিচালনা করেন।

## বেলিডের অনলাইন মেম্বারশিপ ডাটাবেজের উদ্বোধন



গত ২৪শে জানুয়ারী ২০১৫ বেলিড তার পরিপূর্ণ অনলাইন মেম্বারশিপ ডাটাবেজ চালু করেছে। বাংলাদেশ গ্রন্থাগার পেশাজীবীদের অনলাইন মেম্বারশিপ ডাটাবেজ চালুর ক্ষেত্রে বেলিড পথিকৃৎ হিসাবে কাজ করছে। বেলিডের চার সদস্য বিশিষ্ট টিম এ.কে.এম. নুরুল আলম (অপু), আহসান হাবিব, মোমেনা খাতুন এবং জাকারিয়া রহমান এই ডেটাবেজের সকল কর্ম সফলভাবে সম্পাদনের কাজ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে আহসান হাবিব এই ডেটাবেজ টিমের কার্যক্রম সম্পর্কে তথ্য প্রদান করেন। ডাটাবেজের কার্জক্রম সম্পন্ন করতে টিম যেসব সমস্যা মোকাবেলা করেছে এবং একত্রে কিভাবে সমাধান করেছে সে বিষয়ে তথ্য প্রদান করেন। এ,কে,এম, নুরুল আলম (অপু) ডাটাবেজের স্ট্রাকচার, সার্চিং পদ্ধতি এবং ডাটা আপডেটিং পদ্ধতি প্রদর্শন করেন। এছাড়াও প্রত্যেক সদস্যদের সাথে যোগাযোগের এবং তথ্য হালনাগাদ এর বিভিন্ন উপায় এর কথাও উল্লেখ করেন।
প্রায় দুই বছরের প্রচেষ্ঠার পর, বেলিড সদস্যদের সকল প্রাসঙ্গিক পরামর্শ বিবেচনা করে ডাটাবেজ ডেভেলপমেন্টের বিভিন্ন ধাপে বেলিডের নির্বাহী পরিষদের নির্দেশনা ও অনুমোদন নিয়ে এই অনলাইন ডাটাবেজটি চূড়ান্তভাবে যাত্রা শুরু হয়। বেলিড-এর ২৯তম প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানে প্রধান অতিথি বি.এন সেক্রেটারি (এম.এ.ইউ.) রিয়ার এডমিরাল (অবঃ) এম.ডি. খুরশেদ আলম এবং বেলিড ও বিম চেয়ারম্যান ড. মির্জা মোহাম্মদ রেজাউল ইসলাম এই ডেটাবেজের উদ্বোধন করেন। এই অনলাইন ডাটাবেজটি বেলিড ওয়েবসাইটের সাথে যুক্ত করা হয়েছে যার ঠিকানা http://member.balid.org।

## বেলিড ও বিমের অফিস কার্যক্রম শুরু

বেলিডের সকল সদস্য এবং গ্রন্থাগার ও তথ্য পেশাজীবিদের বেলিড সম্পর্কীত বিভিন্ন তথ্য, সাম্প্রতিক বিষয়াবলী তদুপরি বেলিড ও বিম কর্তৃক ঘোষিত বিভিন্ন ট্রেনিং, সেমিনার, ওয়ার্কশপ এবং লেকচার সিরিজ সম্পর্কে বিভিন্ন বিষয় জানা এবং ট্রেনিং কোর্স সমূহে নাম অন্তর্ভুক্তিসহ অন্যান্য কার্যক্রমের জন্য বিমের পরিচালক জনাব মোঃ শামসুদ্দিন আহমেদ সপ্তাহের প্রতি শনিবার বিকাল ৪ ঘটিকা থেকে ৬ ঘটিকা পর্যন্ত বেলিড অফিস কমিউনিটি ডেভেলপমেন্ট লাইব্রেরি (সিডিএল), হাউস # ৬৭/বি (২য় তলা), রোড # ৯/এ, ধানমন্ডি, ঢাকা-তে অফিস করছেন। এখন থেকে বেলিড সংশ্লিস্ট যে কোন প্রয়োজনে কমিউনিটি ডেভেলপমেন্ট লাইব্রেরি-তে যোগাযোগ করা যাবে।

## থ্যাসরাস (Thesaurus) এর উপর বেলিড এবং ইউল্যাব-এর যৌথ উদ্যেগে প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত



বিগত ২৯ নভেম্বর ২০১৪ তারিখে বেলিড ইনিস্টিটউট অব ইনফরমেশন ম্যানেজমেন্ট (বিম), বেলিড এবং ইউল্যাবের যৌথ উদ্যেগে ইউল্যাব ক্যাম্পাস বি তে থ্যাসরাস (Thesaurus) এর উপর দিন ব্যাপী একটি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। এই প্রশিক্ষণ কর্মশালার সনদ বিতরণ অনুষ্ঠানে ইউল্যাব বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ কর্নেল মোঃ ফয়জুল ইসলাম (অব.) প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।

বেলিডের প্রক্তন চেয়ারম্যান এবং চেঞ্জ মেকার এর কনসাল্টটেন্ট জনাব হারুন অর রশিদ বিশেষ অতিথি হিসাবে এবং বেলিড ইনিস্টিটিউট অব ইনফরমেশন ম্যানেজমেন্ট (বিম) এর পরিচালক জনাব শামসুদ্দিন আহমেদ উক্ত অনুষ্ঠানে স্বাগত ও বেলিডের উপর পরিচিতমূলক সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন।

বেলিড চেয়ারম্যান ড. মির্জা মোহাম্মদ রেজাউল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে দায়িত্ব পালন করেন জনাব মিনহাজ উদ্দিন আহমেদ, ড. মোঃ নাজিম উদ্দিন এবং মোঃ আল মামুন। এই প্রশিক্ষণে বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং সংগঠন থেকে ২৭ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহন করেন। এই প্রশিক্ষণের প্রধান লক্ষ্য ছিল প্রশিক্ষণার্থীরা তাদের গ্রন্থাগারে ব্যবহৃত বিষয় শিরোনাম নির্ধারণে ধারণা লাভ করবে যা শব্দভান্ডার বৃদ্ধিতে এবং দ্রুত তথ্য প্রক্রিয়ায় সহায়তা করবে। সনদ বিতরন অনুষ্ঠানে বিভিন্ন প্রতিষ্ঠান ও সংস্থার আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

## আইইউটি লাইব্রেরিতে আইসিটি ল্যাব উদ্ধোধন



ইসলামিক ইউনির্ভাসিটি অব টেকনোলজী (আইইউটি) লাইব্রেরিতে গত ২০ ফেব্রুয়ারি ২০১৫ আইসিটি ল্যাব উদ্ধোধন করা হয়। এই ল্যাবে লাইব্রেরির ইলেট্রনিক রিসোর্স সেবাসহ বিভিন্ন ই-সেবা প্রদান, তথ্য সাক্ষরতা প্রশিক্ষণ ও গ্রন্থাগার পেশাজীবিদের জন্য হালনাগাদ প্রশিক্ষণ গ্রহন সম্ভব হবে। অধ্যাপক ড. এম ইমতিয়াজ হোসেন, উপাচার্য, আইইউটি, অধ্যাপক ড. আঃ মোত্তালিব, চেয়ারম্যান লাইব্রেরি কমিটি এবং ড. মির্জা মোঃ রেজাউল ইসলাম, গ্রন্থাগারিক উদ্ধোধনী অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্রবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

## বেলিড ইনস্টিটিউট অব ইনফরমেশন ম্যানেজমেন্ট (বিম) এবং সাউথ ইস্ট ইউনিভার্সিটি এর যৌথ আয়োজনে 'RFID' ও 'SLiMS' এর উপর বক্তৃতামালা অনুষ্ঠিত।




বেলিড ইনস্টিটিউট অব ইনফরমেশন ম্যানেজমেন্ট (বিম) এর নিয়মিত কর্মসূচির অংশ হিসাবে সাউথ ইস্ট ইউনিভার্সিটি, বনানী ক্যাম্পাস-২ এর সেমিনার রুমে গত ১২ এপ্রিল ২০১৪ তারিখে 'RFID' ও 'SLiMS' এর উপর একটি বক্তৃতামালার আয়োজন করা হয়। বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত প্রায় ৯০ জন পেশাজীবী এতে অংশ গ্রহণ করেন।

বেলিড ও বিমের চেয়ারম্যান ড. মির্জা মো. রেজাউল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত বক্তৃতামালায় প্রধান অতিথির আসন অলংকৃত করেন সাউথ ইষ্ট বিশ্ববিদ্যলয়ের উপাচার্য অধ্যাপক ড. আনোয়ার হোসেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সাউথ ইস্ট বিশ্ববিদ্যলয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোঃ হুমায়ন কবীর চৌধুরী। উক্ত অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বিমের পরিচালক জনাব মোঃ শামসুদ্দিন আহমেদ। অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথি-কে বেলিডের পক্ষ থেকে ক্রেস্ট প্রদান করেন বেলিড ও বিমের চেয়ারম্যান ড. মির্জা মো. রেজাউল ইসলাম ও বেলিডের মহাসচিব জনাব শশাঙ্ক কুমার সিংহ। অনুষ্ঠানটি পরিচালনা করেন সাউথ ইস্ট বিশ্ববিদ্যলয়ের ডেপুটি লাইব্রেরিয়ান ও বেলিডের জীবন সদস্য জনাব হাজেরা রহমান।




অনুষ্ঠানে 'RFID' এর উপর মূল বক্তব্য উপস্থাপন করেন নর্থ সাউথ ইউনিভার্সিটির ইউনিভার্সিটি লাইব্রেরিয়ান ও বেলিডের প্রাক্তন চেয়ারম্যান জনাব ড. মোঃ মোস্তাফিজুর রহমান। জনাব রহমান 'RFID' এর প্রায়োগিক বাস্তবতা ব্যাখ্যাসহ উপস্থাপন করেন। এ ছাড়া উক্ত অনুষ্ঠানে 'SLiMS' এর উপর মূল বক্তব্য উপস্থাপন করেন বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক ও স্লিমস্ বাংলাদেশ কান্ট্রি কো-অর্ডিনেটর জনাব এ,কে,এম নুরুল আলম। জনাব আলম 'SLiMS' এর উপর প্রায়োগিক বাস্তবতা ব্যাখ্যা ও উপস্থাপন করেন।

## জাতিসংঘ ৪০ বছর-পূর্তি উপলক্ষে সুফিয়া কামাল জাতীয় গণ-গ্রন্থাগারে ১ মাস ব্যাপী প্রদর্শনীর উদ্বোধন



বাংলাদেশেস্থ ইউনিসেফ প্রতিনিধি প্যাসকেল ভিলনোভ এবং গণগ্রন্থাগার বিভাগের মহাপরিচালক মোঃ হাফিজুর রহমান মাস-ব্যাপি জাতিসংঘ প্রদর্শনী উদ্বোধন করছেন

বিগত ৪০ বছরে বাংলাদেশের উন্নয়ন প্রক্রিয়ায় জাতিসংঘের অবদানকে তুলে ধরে গত ৩০ সেপ্টেম্বর ২০১৪ সুফিয়া কামাল জাতীয় গণ-গ্রন্থাগারে ১ মাস ব্যাপী জাতিসংঘ সংস্থার কর্মকান্ড বিষয়ে এক প্রদর্শনীর উদ্বোধন করা হয়। বাংলাদেশে কর্মরত জাতিসংঘের সংস্থার কার্যক্রমের সাফল্যগুলো এই প্রদর্শনীতে তুলে ধরা হয়েছে। জাতিসংঘ-বাংলাদেশ সম্পর্কের ৪০ তম বার্ষিকী উপলক্ষে আয়োজিত এই প্রদর্শনীর আনুষ্ঠানিক উদ্বোধন করেন ইউনিসেফ বাংলাদেশ এর প্রতিনিধি প্যাসকেল ভিলনোভ এবং গণ-গ্রন্থাগার বিভাগের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মোঃ হাফিজুর রহমান। উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ঢাকাস্থ জাতিসংঘ তথ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মনিরুজ্জামান, জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী অফিস ও গণ-গ্রন্থাগারের কর্মকর্তাবৃন্দ। ইউনিসেফ প্রতিনিধি তার উদ্বোধনী বক্তব্যে বাংলাদেশে জাতিসংঘ সংস্থাগুলোর কার্যক্রম তুলে ধরে এই বিষয়ে সরকারের সহযোগিতার জন্য কৃতজ্ঞতা জানান। তিনি গন-গ্রন্থাগার প্রাঙ্গণে জাতিসংঘ সংস্থাকে এই প্রদর্শনীটি স্থাপনের অনুমতি দেয়ার জন্য গনগন্থাগার কর্তৃপক্ষকে বিশেষভাবে ধন্যবাদ জানান। প্রদর্শনীটি চলে ২৪ অক্টোবর ২০১৪ পর্যন্ত। উদ্বোধনী অনুষ্ঠান শেষে ইউনিসেফ প্রতিনিধি গন্থাগারের মহাপরিচালক ও জাতিসংঘের অন্যান্য কর্মকর্তাদের নিয়ে গন্থাগারটি পরিদর্শন করেন এবং গন্থাগার ব্যবহারকারীদের সাথে কথা বলেন। এই সময় ইউনিসেফ প্রতিনিধিকে বেশ কিছু দুর্লভ সংগ্রহ দেখানো হয়।

## এশিয়ান ইনির্ভার্সিটি অব বাংলাদেশ-এ ডিজিটাল গ্রন্থাগারিকতা বিষয়ে সেমিনার আয়োজন




"বাংলাদেশে ডিজিটাল গ্রন্থাগারিকতা: তথ্যবিজ্ঞান এবং গ্রন্থাগার ব্যবস্থাপনায় বর্তমান বিশ্ববিদ্যালয়" শিরোনামে তথ্যবিজ্ঞান এবং গ্রন্থাগার ব্যবস্থাপনার যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয় পর্যায়ে ছাত্রবৃন্দের অভিজ্ঞতা বিষয়ের উপর এশিয়ান ইনির্ভাসিটি অব বাংলাদেশ একটি সেমিনারের আয়োজন করে। যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়া স্টেটের স্ট্রেয়ার বিশ্ববিদ্যালয়ের তথ্য সম্পদের ব্যবস্থাপক জনাব মাহতাব উদ্দিন ঐ সেমিনারে রির্সোস পারসন হিসাবে বক্তব্য প্রদান করেন। উক্ত সেমিনারে সভাপতিত্ব করেন এশিয়ান ইনির্ভাসিটি অব বাংলাদেশ এর তথ্যবিজ্ঞান এবং গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক এম, এ মতিন।

## বেলিডের স্থায়ী নিবাসের জন্য অনুদান সংগ্রহ



পেশাগত দক্ষতা অর্জন ও পেশাজিবীদের চাহিদা এবং একাবিংশ শতাব্দীর গ্রন্থাগার ও তথ্যায়ন পেশায় চ্যালেঞ্জ মোকাবেলায় বেলিডের স্থায়ী অফিসের জন্য এক খন্ড জমি ক্রয় এবং স্থাপনা তৈরি করার লক্ষ্যে বেলিডের ২০ তম সাধারণ সভায় সমিটির অর্থসচিব জনাব মোঃ হুমায়ুন কবীর একটি প্রস্তাবনা সাধারণ সদস্যদের নিকট উপস্থাপন করেন। সাধারণ সদস্যগণ প্রস্তাবটি অনুমোদন করেন। সেই লক্ষ্যে বেলিড সকল সদস্যদেরকে যে কোন পরিমান অর্থ অনুদান হিসেবে সমিতির ব্যাংক হিসাবে পাঠানোর জন্য আহবান জানাচ্ছে। সমিতির ব্যাংক হিসাব নং ০২৩৩৩০০১২২১, ব্যাংক এশিয়া। বিকাশ-এর মাধ্যমেও অনুদান পাঠানো যাবে। বিকাশ মোবাইল নং ০১৭৩২৯৬৬৪৮২। সকলের ইতিবাচক অংশগ্রহনের মাধ্যমেই বেলিড স্থায়ী অফিসের জন্য এক খন্ড জমি ক্রয় এবং স্থাপনা তৈরি করতে পারে। উল্লেখ্য, ইতোমধ্যে বেলিডের চেয়ারম্যান ও মহাসচিব স্বাক্ষরিত চিঠি সব সদস্যদের নিকট পাঠানো হয়েছে।

## তথ্য স্বাক্ষরতা বিষয়ে দুই-দিন ব্যাপী এক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন



কর্মশালা আয়োজক অতিথি ও রিসোর্স পার্সনদের যৌথ ছবি

সেন্টার ফর ইনফরমেশন স্টাডিজ এবং ঢাকাস্থ জাতিসংঘ তথ্য কেন্দ্র যৌথভাবে ১৭ ও ১৮ই এপ্রিল ২০১৫ সাভার বালিকা উচ্চ বিদ্যালয়ে জাতিসংঘ ও তথ্য সাক্ষরতা বিষয়ে দুই দিন ব্যাপী এক প্রশিক্ষণের আয়োজন করে। স্কুলের ৪০ জন শিক্ষার্থী প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। স্কুলের প্রধান শিক্ষকের সভাপতিত্বে অনুষ্ঠিত এই প্রশিক্ষণে সাভার উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জনাব শাহরিয়ার মেনজিস প্রধান অতিথি হিসেবে বক্তৃতা প্রদান করেন। বেলিড নির্বাহী সদস্য ও জাতিসংঘ তথ্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ মনিরুজামান বিশেষ অতিথি হিসেবে সমাপনী অনুষ্ঠানে বক্তৃতা প্রদান করেন। তিনি তার বক্তব্যে জ্ঞান বৈষম্য হ্রাসকরণ এবং বিভিন্ন স্তরের জাতিসংঘ তথ্য সেবার উপর গুরুত্ব আরোপ করেন। এটি ছিল স্কুল ছাত্রীদের সক্ষমতা তৈরির জন্য দ্বিতীয় প্রশিক্ষণ। প্রশিক্ষণের রিসোর্স পার্সন ছিলেন ঢাকা আহছানিয়া মিশনের পরিচালক (যোগাযোগ) কাজী আলী রেজা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. মেজবাহ-উল-ইসলাম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অ্যাডজাঙ্কট ফ্যাকাল্টি জনাব মিনহাজ উদ্দিন আহমেদ, বেলিড নির্বাহী সদস্য ও জাতিসংঘ তথ্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মনিরুজ্জামান, গণযোগাযোগ বিশেষজ্ঞ চিন্ময় মুৎসুদ্দী, বাংলাদেশ ব্যাংক-এর সহকারী পরিচালক এ কে এম নরুল আলম অপু এবং স্কুল-এর কয়েকজন ছাত্রী। সমাপনী অনুষ্ঠানে সকল প্রশিক্ষণার্থীকে সার্টিফিকেট প্রদান করা হয়।

## আই.সি.ডি.ডি.আর.বি লাইব্রেরি প্রধানের এ.পি.এল.আই.সি সম্মেলন পুরস্কার গ্রহন



ড: মো: নাজিম উদ্দিন এপলিক প্রেসিডেন্ট নিকট থেকে পুরস্কার গ্রহণ করছেন

আইসিডিডিআর,বি লাইব্রেরি এন্ড ইনফরমেশন সার্ভিসেস সেকসন প্রধান ড: মো: নাজিম উদ্দিন, হিনারি ব্যাবহারের স্বীকৃতি হিসেবে-যা বৈজ্ঞানিক জার্নাল বাৎসরিক সাবস্ক্রিপশন খরচ ১৫০০০০ ইউ. এস ডলার কমাবে- এসোসিয়েশন অব পপুলেশন লাইব্রেরিজ এন্ড ইনফরমেশন সেন্টার-এর পক্ষ থেকে একটি সম্মেলন পুরস্কার গ্রহন করেন। এ.পি.এল.আই.সি তথ্য, যোগাযোগ ও রিসোর্স পেশাজীবিদের একটি গ্লোবাল নেটওয়ার্ক যেটি বিশেষ করে উন্নয়নশীল দেশে তার সদস্য ও অন্যান্যদের সহায়তা ও সহযোগীতা প্রদানে নিয়োজিত। ড: নাজিম ২৮ ৩০ এপ্রিল, ২০১৪ তারিখে আমেরিকা যুক্তরাষ্ট্রের বোস্টনে অনুষ্ঠেয় এ.পি.এল.আই.সি'র ৪৭তম বার্ষিক সম্মেলনে যোগদান করেন এবং ১,৭৭৫ ইউ. এস ডলারের একটি বৃত্তি লাভ করেন। তিনি "এ স্টাডি অন দ্যা ইউজ এন্ড ইমপেক্ট অব হিনারি: এ বাংলাদেশ পার্সপেক্টিভ" এর উপর তার প্রেজেন্টেশন উপস্থাপন করেন। ড: নাজিম বলেন, "আমেরিকার শীর্ষ পপুলেশন লাইব্রেরিয়ানদের সাথে সাক্ষাৎ এবং কন্টেন্ট কিউরেশন, ডিজিটাল একসেস ও নলেজ শেয়ারিং-এর ক্ষেরত্র এ সম্মেলনটি আমার জন্য একটি অসাধারণ সুযোগ।"

## শাফিনুর সাগরিকার আন্তর্জাতিক সম্মেলনে যোগদান



বেলিড সদস্য মিস শাফিনুর সাগরিকা গত ৬-৮ মার্চ ২০১৪ ভারতের নর্থ ইস্টার্ন হিল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত ইনফরমেশন ইন দ্যা নলেজ সোসাইটি শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনে যোগদান করেন। তিনি জব স্যাটিসফেকশন অব হেলথ লাইব্রেরি প্রফেশনালস ইন ঢাকা বাংলাদেশঃ ইস্যুজ, চ্যালেঞ্জেস এন্ড ট্রেন্ডস্ শীর্ষক একটি প্রবন্ধ উপস্থাপন করেন।

## আদমজী ক্যান্টনমেন্ট কলেজে বানমুন ২০১৫ অনুষ্ঠিত




বাম দিক থেকে: মাননীয় সংসদ সদস্য জনাব ফাহিম রাজ্জাক,  মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী জনাব শাহরিয়ার আলম, এম.পি, অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল তামীম আহমেদ চৌধুরী এবং জাতিসংঘ তথ্য কেন্দ্রের অধিকর্তা ও বেলিড নির্বাহী সদস্য মোঃ মনিরুজ্জামান

গত ২৯ জুলাই জাতিসংঘ যুব ও ছাত্র সমিতি বাংলাদেশ (ইউনস্যািব) জাতিসংঘ তথ্য কেন্দ্রের সহযোগিতায় চার দিন ব্যাপী এক মডেল ইউএন কনফারেন্সের আয়োজন করে। জাতিসংঘের এই মডেল কনফারেন্সে পঞ্চাশটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৪৭১ জন ডেলিগেট অংশগ্রহণ করে। অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন বাংলাদেশ সরকারের মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী জনাব শাহরিয়ার আলম, এম.পি, বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখনে মাননীয় সংসদ সদস্য জনাব ফাহিম রাজ্জাক, জাতিসংঘ তথ্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ মনিরুজ্জামান এবং আদমজী ক্যান্টনমেন্ট কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল তামীম আহমেদ চৌধুরী এবং সভাপতিত্ব করনে ইউনিস্যাব এর প্রেসিডেন্ট মোঃ মামুন মিয়া।



মাননীয় প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ, এম.পি-কে ক্রেষ্ট প্রদান করছেন ব্রিগেডিয়ার জেনারেল তামীম আহমেদ চৌধুরী, পাশে মাননীয় এম.পি রাজী মোহাম্মদ ফকরুল (সর্ব্ব ডানে) এবং মোঃ মনিরুজ্জামান ( সর্ব্ব বামে)

১লা আগস্ট সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন মাননীয় বিদ্যুৎ, জ্বালানী ও প্রাকৃতিক সম্পদ প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ, এম.পি, এছাড়া বিশেষ অতিথির বক্তব্য রাখেন যথাক্রমেঃ মাননীয় সংসদ সদস্য জনাব রাজী মোহাম্মদ ফকরুল, বাংলাদেশ জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী অফিসের হিউম্যান রাইটস্ এডভাইজর জনাব মিকা কানরেবাবুওরি, আদমজী ক্যান্টনমেন্ট কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল তামীম আহমেদ চৌধুরী  এবং জাতিসংঘ তথ্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ মনিরুজ্জামান।

## বেলিডের বর্তমান কার্যনির্বাহী পরিষদ

চেয়ারম্যান : ড. মির্জা মোহাঃ রেজাউল ইসলাম
ভাইস চেয়ারম্যান : শামসুন নাহার খান
সৈয়দ আলী আকবর
নমিতা আকতার মুক্তি
মহাসচিব : শশাঙ্ক কুমার সিংহ
যুগ্ম-মহাসচিব : মোঃ আলম হোসেন
অর্থসচিব : মোঃ হুমায়ুন কবীর
সংস্থাপন সচিব : মোঃ আহসান হাবীব
গবেষণা ও উন্নয়ন সচিব : মোঃ মোখলেছুর রহমান
প্রকাশনা ও জনসংযোগ সচিব : এ,কে,এম, নুরুল আলম

নির্বাহী সদস্য :
মো. আব্দুল হাই ছামেনী
মোহাম্মদ হোচ্ছাম হায়দার চৌধুরী
মোহাম্মদ মনিরুজ্জামান
আতিয়ার রহমান
মো. ফরহাদুল ইসলাম
মো. এবিএম মাহফুজুল হক
কাজী ফরহাদ নোমান

## গ্রামীন পর্যায়ে তথ্য সেবা: একটি a2i উদ্যোগ” শীর্ষক দিনব্যাপী এক কর্মশালা আয়োজন



প্রধান অতিথি সংস্কৃতি বিষয়ক মন্ত্রনায়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর, এম.পি, বিশেষ অতিথি ইউএনডিপি’র ভারপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর নিক বেরেসফোর্ড জাতীয় গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক জনাব মো: হাফিজুর রহমানের এবং ইউনিক অধিকর্তা ও বেলিড নির্বাহী সদস্য মোঃ মনিরুজ্জামান

ঢাকাস্থ জাতিসংঘ তথ্য কেন্দ্র এবং গণগ্রন্থাগার অধিদপ্তরের যৌথ আয়োজনে বাংলাদেশে গ্রামীন পর্যায়ে তথ্য সেবা:একটি a2i উদ্যোগ” শীর্ষক দিনব্যাপী এক কর্মশালা ২১ ডিসেম্বর ২০১৪ পাবলিক লাইব্রেরি কনফারেন্স রুমে আয়োজন করা হয়। জাতীয় গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মো: হাফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালাটি প্রধান অতিথি হিসেবে উদ্বোধন করেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রনায়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর, এম.পি। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইউএনডিপি’র ভারপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর নিক বেরেসফোর্ড এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রনালয়ের মাননীয় সচিব ড. রনজিত কুমার বিশ্বাস। মূল প্রবন্ধ উপস্থাপন করেন এ টু আই প্রকল্পের পরিচালক জনাব মুস্তাফিজুর রহমান। বিভিন্ন সরকারি, বেসরকারি, এনজিও এবং আন্তর্জাতিক সংস্থার প্রায় ৪০ জন গ্রন্থাগার এবং তথ্য পেশাজীবি এই কর্মশালায় অংশগ্রহণ করেন। কর্মশালাটি সঞ্চালন করেন জাতিসংঘ তথ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মনিরুজ্জামান।

## Archives and Records Management Conference এ অংশগ্রহণ




IUBAT উপাচার্য মহোদয়ের নিকট থেকে সনদ গ্রহণ করছেন এ,কে,এম, নুরুল আলম

গত ৩১ জানুয়ারি ২০১৫ বেসরকারী বিশ্ববিদ্যালয় IUBAT আয়োজিত International Conference on Archives and Records Management 2015 অনুষ্ঠিত হয়। উক্ত কনফারেন্সে Archiving News Clippings from Online Sources: Bangladesh perspective শিরোনামে একটি পেপার উপস্থাপন করেন বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক ও বেলিডের প্রকাশনা ও প্রচার সম্পাদক জনাব এ,কে,এম, নুরুল আলম এবং Archives Digitization Practices in Bangladesh: special focus on NAB’s digitization project শিরোনামে আরেকটি পেপার উপস্থাপন করেন ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ-এর এসিস্ট্যান্ট লাইব্রেরিয়ান ও বেলিডের গবেষণা সম্পাদক মো: মুখলেছুর রহমান। উল্লেখ্য এটি বাংলাদেশে প্রথমবার আয়োজিত আর্কইভস্ ও রেকর্ড ম্যানেজমেন্ট এর উপর আন্তর্জাতিক কনফারেন্স।

## নারীর কর্মসংস্থান ও দারিদ্র্যমুক্ত সমাজ গড়ার লক্ষ্যে গণ উন্নয়ন গ্রন্থাগার-এর ভূমিকা

এ.কে.এম.মফিজুর রহমান

গণ উন্নয়ন গ্রন্থাগার (সিডিএল)-এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হয় ১৯৮০ সালের অক্টোবরে একদল উদ্যমী মানুষকে নিয়ে, যারা সমাজ উন্নয়নকর্মী, গবেষক এবং বিভিন্ন সংগঠনগুলোকে তথ্যসেবা দিতে চেয়েছিলেন। সিডিএল-এর লক্ষ্য হলো জ্ঞান বৈষম্য কমিয়ে মানুষের মধ্যে গুণগত পরিবর্তন সাধন এবং এর মাধ্যমে একটা জ্ঞানভিত্তিক সমাজ নির্মাণে অংশ নেয়া। সিডিএল বিশ্বাস করে অজ্ঞানতা থেকে আলোর পথে ও দারিদ্র্য থেকে সচ্ছলতায় এগিয়ে যেতে তথ্যের বিকল্প নেই। উন্নয়ন তথ্য এবং যোগাযোগের ক্ষেত্রে পরিকল্পিত উদ্যোগ ব্যাপক সচেতনতা তৈরীতে এবং জনগণের ক্ষমতায়নে ভূমিকা রাখে। গণ উন্নয়ন গ্রন্থাগার তথ্যসেবা প্রদানের পাশাপাশি উন্নয়নমূলক বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে থাকে যার মধ্যে কারিগরি প্রশিক্ষণ অন্যতম। দেশের বৃহত্তর জনগোষ্ঠীকে দারিদ্র্যের করাল গ্রাস থেকে মুক্ত করতে হলে সবার জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা প্রয়োজন। তবে বর্তমান ধারায় কর্মহীনতার এ সমস্যা সমাধান সম্ভব নয়। এ ধরনের প্রচেষ্টায় বিপুল পরিমাণ অর্থ ব্যয় হলেও তা চরম দারিদ্র্যকে স্পর্শ করতে পারে না। বিশেষজ্ঞদের মতে, জাতিকে বেকারত্বের অভিশাপ থেকে মুক্ত করতে হলে সারা দেশে গড়ে তুলতে হবে পর্যাপ্ত কুটিরশিল্প ও শিল্প-কারখানা। বিশেষ করে কৃষিভিত্তিক শিল্প গড়ে তোলার পাশাপাশি মৃৎশিল্প গড়ার মাধ্যমে গ্রামাঞ্চলে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা সম্ভব। এছাড়া অন্যান্য শিল্প স্থাপনের জন্য হাতে-কলমে প্রশিক্ষণ, সুদমুক্ত ঋণ প্রদান এবং উৎপাদিত পণ্য বাজারজাতকরণের ব্যবস্থা করে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে পারলে দরিদ্র্য মানুষের ভাগ্যের পরিবর্তন সম্ভব। আজ লক্ষ্যণীয় বিষয় যে, বিভিন্ন ধরনের প্রাকৃতিক দুর্যোগের কারণে যেমন, খরা, বন্যা, নদীভাঙ্গন, সিডর ও আইলার মত প্রাকৃতিক দুর্যোগের কারণে পল্লী অঞ্চলের মানুষ শহরমুখী হচ্ছে। যদিও শহর অঞ্চলে বাসস্থান ও স্যানিটেশন সমস্যার পাশাপাশি নারী সমাজ বিভিন্ন ধরনের সামাজিক নির্যাতনের স্বীকার হচ্ছে। তারপরও মানুষ গ্রামাঞ্চল ছেড়ে শহরমুখী হচ্ছে। ধারণা করা যায় ঢাকা মহানগরী আগামী ১০ বছরের মধ্যে বাসস্থানের অযোগ্য বলে বিবেচিত হবে। বিভিন্ন পরিসংখ্যান থেকে জানা যায় দেশে প্রতি বছরে ৭.৬৮ শতাংশ হারে কর্মক্ষম মানুষের সংখ্যা বাড়ছে।



৮ লাখ ৬০ হাজার নতুন শ্রম শক্তি প্রতি বছরে বাজারে প্রবেশ করছে তার বিপরীতে ৫.৫ শতাংশ হারে কর্মসংস্থান বাড়ছে ৫ লাখ ৪০ হাজার। বাকী ৩ লাখ ২০ হাজার শ্রমশক্তি বেকার অবস্থায় দিনযাপন করছে। এদিকে জাতিসংঘ ঘোষিত সহস্রাব্দ উন্নয়ন লক্ষমাত্রা অনুযায়ী বাংলাদেশে ২০১৫ সালের মধ্যে চরম দারিদ্র্য নির্মূল করার ঘোষণা দিয়েছে। এই লক্ষ্যে বিভিন্ন কর্মসূচির পাশাপাশি কর্মসংস্থান প্রকল্প গ্রহণ করা হয়েছে। এই সব কর্মসূচির মধ্যে রয়েছে আত্মকর্মসংস্থান-এর মাধ্যমে যুব উন্নয়ন, সাময়িক বেকারত্ব মোচন, কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণ, ছাগল পালন, পশুসম্পদ খাতে পুঁজি গঠন, প্রাকৃতিক দুর্যোগজনিত ঝুঁকি মোকবেলা ইত্যাদি।

১৯৯৪ সালে শহরাঞ্চলের বস্তিবাসী, দুঃস্থ, বিধবা ও বেকার কিশোরীদের জন্য সিডিএল কর্মসংস্থানমূলক প্রকল্প চালু করে। প্রথম মাত্র ১০ জন ছাত্রছাত্রী নিয়ে প্রকল্পটির যাত্রা শুরু হয়। বর্তমানে রায়ের বাজারস্থ ২১৫ শেরেবাংলা রোডে সিডিএল-এর এ প্রকল্পের কার্যক্রম চলছে। প্রকল্প এলাকার দুঃস্থ, গরীব, বিধবা এবং বস্তিবাসী কিশোর-কিশোরীদের এই প্রকল্পের অধীনে আনার জন্য সিডিএল কাজ করে যাচ্ছে। বিভিন্ন গার্মেন্টস ও টেইলর মালিকদের সাথে যোগাযোগ করে প্রশিক্ষণ প্রাপ্ত ছাত্রছাত্রীদের চাকরি দেয়ার প্রচেষ্টা চলছে।



১৯৯৬ সনে এই কর্মসূচির সাথে যোগ হয় টেইলরিং প্রশিক্ষণ। রায়েরবাজার এলাকায় এই জাতীয় প্রশিক্ষণের চাহিদা বাড়তে থাকে এবং অল্পশিক্ষিত অর্ধশিক্ষিত মেয়েরা এই প্রশিক্ষণের জন্য আগ্রহ প্রকাশ করে। প্রথমত স্কুলের কিছু প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক স্কুল সময়ের পর এই প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতেন। তাই বেশি সংখ্যক ছাত্রছাত্রী ভর্তি করানোর অনুরোধ রাখা সম্ভব হতো না। অবশেষে ২০০৪ সালে স্থানীয় জনগণের চাহিদার ভিত্তিতে গণ উন্নয়ন গ্রন্থাগার *চেতনা বিকাশ কেন্দ্র ভকেশনাল ট্রেনিং সেন্টার* নামে একটি প্রকল্প চালু করে। সেখানে শুধুমাত্র স্কুলের ছাত্রছাত্রীদের জন্যেই নয় কমিনিটির সবাই এই প্রশিক্ষণের সুযোগ পায়। ২০০৪ সাল থেকেই কোর্স কারিকুলাম হিসাবে সুইং, এমব্রয়ডারি, ইলেকট্রিক, টেইলরিং এই ৪টি কোর্সে প্রশিক্ষণ শুরু করা হয়। বর্তমানে এই কোর্সের সাথে ব্লক-বাটিকও যুক্ত করা হয়েছে। বর্তমানে এই প্রশিক্ষণটির চাহিদা রায়েরবাজার, বেঁড়িবাধ, নিমতলি, কাটাসুর বস্তি, সাদেক খাঁন বস্তি অঞ্চলে ব্যাপক সাড়া জাগিয়েছে। এই প্রশিক্ষণ কেন্দ্র থেকে সিডিএল-এর নিজস্ব উদ্যোগে ও সুইসকন্ট্রাক্ট-এর আর্থিক সহযোগিতায় এ পর্যন্ত ৩৫৫০ জন সুবিধাবঞ্চিত কিশোর-কিশোরী ও দুঃস্থ নারীরা প্রশিক্ষণ গ্রহণ করেন। তাদের মধ্যে কমপক্ষে ৯০ শতাংশের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। বর্তমানে প্রতি বছর ৬৫০ জন শিক্ষার্থী প্রশিক্ষণ শেষ করে কর্মসংস্থানে অংশগ্রহণ করছেন। এই প্রকল্পটি সুন্দর ও সফলভাবে পরিচালনা করার জন্য সুইসকন্ট্রাক্ট আর্থিকভাবে সহযোগিতা করছেন। তাদের কর্মসংস্থানের ফলে সংসারিক ব্যয় মিটানো এবং ছেলে মেয়েদের লেখাপড়ার ব্যয় এবং পারিবারিক জীবনের মান উন্নত হয়েছে। আমার বিশ্বাস এই জাতীয় প্রশিক্ষণ গ্রামাঞ্চলে বেকার যুবক-যুবতী ও দুঃস্থ মহিলাদের মাঝে চালু করতে পারলে আরো বেশি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে এবং জাতীয় আয় বাড়বে ও তাদের পারিবারিক জীবন আরো সুন্দর ও সার্থক হবে।

*লেখক সিডিএল-এর নির্বাহী পরিচালক।*

## বাংলাদেশ ব্যাংক গ্রন্থাগারে নতুন মুখ


ইসরাৎ জাহান


এ, কে, এম নুরুল আলম


মোছা: আসমা উল হুসনা মনি


মো: সামসুর রহমান


রাজীব মন্ডল

মো: রাজু আহমেদ

মো: বুরহান উদ্দিন

## পদোন্নতি

তাসনিম ফাতেমা, গত ৭ ডিসেম্বর ২০১৪ বাংলাদেশ ব্যাংক লাইব্রেরিতে উপ-মহাব্যবস্থাপক হিসেবে পদোন্নতি লাভ করেন।

মোঃ আইয়ুব আলী, গত ৭ ডিসেম্বর ২০১৪ বাংলাদেশ ব্যাংক লাইব্রেরিতে যুগ্ম পরিচালক হিসেবে পদোন্নতি লাভ করেন।

ডঃ মোঃ জিল্লুর রহমান, চট্রগ্রাম ইনডিপেন্টডেন্ট ইউনির্ভাসিটি-তে লাইব্রেরিয়ান হিসেবে গত ২৫ এপ্রিল ২০১৫ পদোন্নতি লাভ করেন।

জনাব আইন উদ্দীন আহম্মেদ গত ২১ মে ২০১৫ বাংলাদেশ ব্যাংক লাইব্রেরিতে মহাব্যবস্থাপক হিসেবে পদোন্নতি লাভ করেন।

মুহাঃ মহিউদ্দিন হাওলাদার, গত ২৪ মে ২০১৫ বাংলাদেশ ব্যাংক লাইব্রেরিতে উপ-মহা ব্যবস্থাপক হিসেবে পদোন্নতি লাভ করেন।

মোঃ সায়াদ বিন শহীদ, গত ২৪ মে ২০১৫ বাংলাদেশ ব্যাংক লাইব্রেরিতে যুগ্ম-পরিচালক হিসেবে পদোন্নতি লাভ করেন।

## মোমেনা খাতুন এর অ্যান্টওয়ার্প আর্কাইভে যোগদান



বেলিড এর আজীবন সদস্য মোমেনা খাতুন, গত ১ জুলাই ২০১৪ বেলজিয়ামের অ্যান্টওয়ার্প আর্কাইভ এ যোগদান করেছেন। তিনি উক্ত প্রতিষ্ঠানে আরকাইভাল নথি ডিজিটাইজেশন প্রজেক্টে খণ্ডকালীন হিসেবে কর্মরত আছেন। ইতোপূর্বে, তিনি ২০১৩ সনেনরওয়ে, এস্তোনিয়া, ইটালি এর তিনটি বিশ্ববিদ্যালয়ের সমন্বিত দুই বছর মেয়াদি ইন্টারন্যাশনাল মাস্টার ইন ডিজিটাল লাইব্রেরি কৃতিত্বের সাথে সম্পন্ন করেন। উক্ত ডিগ্রি অর্জনের উদ্দেশ্য তিনি ইউরোপিয়ান ইউনিয়নের ইরাসমুস মুন্ডুস বৃত্তি লাভ করেন।

## বিদেশ ভ্রমণ


বাংলাদেশ ব্যাংক গ্রন্থাগারের প্রতিনিধিবৃন্দ

বাংলাদেশ ব্যাংক গ্রন্থাগার থেকে একটি দল গত ১৪-১৬ জুলাই ২০১৪ শ্রীলংকার কেন্দ্রীয় ব্যাংক 'সেন্ট্রাল ব্যাংক অব শ্রীলংকা' পরিদর্শন করেন। বাংলাদেশ ব্যাংক-এর প্রধান কার্যালয় গ্রন্থাগার থেকে জনাব খন্দকার ইফতেখার হাসান, মুহাম্মদ সায়াদ বিন শহীদ ও শামসুননাহার তোরণ এবং বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমি (বিবিটিএ) গ্রন্থাগার থেকে মোহাম্মদ আমিরুজ্জামান মিয়া এ সফরে অংশ গ্রহণ করেন। দলটি ১১ জুলাই বাংলাদেশ থেকে যাত্রা করে মালদ্বীপে ২ দিনের যাত্রাবিরতি শেষে শ্রীলংকা পৌছায়।

## নতুন নিয়োগ

❖ বেলিডের জীবন সদস্য জনাব মোঃ ফারুক হোসেন ১ সেপ্টেম্বর ২০১৩ তারিখে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে সহকারী গ্রন্থাগারিক হিসেবে যোগদান করেছেন। জনাব হোসেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে সহকারী গ্রন্থাগারিক হিসেবে যোগদান করার পূর্বে Bangladesh Institute of Nuclear Agriculture (BINA)-তে লাইব্রেরিয়ান হিসেবে কর্মরত ছিলেন।

❖ বেলিডের জীবন সদস্য জনাব ননী গোপাল রায় ২৩ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে জুনিয়র লাইব্রেরিয়ান হিসেবে যোগদান করেছেন। জনাব রায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ে জুনিয়র লাইব্রেরিয়ান হিসেবে যোগদান করার পূর্বে গ্রীন বিশ্ববিদ্যালয়ে ডেপুটি লাইব্রেরিয়ান হিসেবে কর্মরত ছিলেন।

## বাংলাদেশ ব্যাংক লাইব্রেরি হতে ৩ জন কর্মকর্তার ব্যাংক ইন্দোনেশিয়া লাইব্রেরি পরিদর্শন

বাংলাদেশ ব্যাংক লাইব্রেরির উপ-মহাব্যবস্থাপক মুহাঃ মহিউদ্দিন হাওলাদার, উপ পরিচালক শশাংক কুমার সিংহ এবং উপ পরিচালক মোহাম্মদ জহিরুল ইসলাম মজুমদার সমন্বয়ে গঠিত তিন সদস্য বিশিষ্ট একটি দল গত ২৭-৩০ এপ্রিল ২০১৫ ব্যাংক ইন্দোনেশিয়ার সাইবার লাইব্রেরিতে স্টাডি ভিজিট করেন। উক্ত ভিজিটের মাধ্যমে কর্মকর্তাগণ লাইব্রেরিতে RFID টেকনোলজি সংযোজন করা-সহ আধুনিক লাইব্রেরি সেবা সম্পর্কে ধারনা লাভ করেন। ভিজিটে ব্যাংক ইন্দোনেশিয়ার কারেন্সি মিউজিয়াম এবং ন্যাশনাল লাইব্রেরি ইন্দোনেশিয়াও পরিদর্শন করেন।


বাংলাদেশ ব্যাংক লাইব্রেরির ৩ জন কর্মকর্তার ব্যাংক ইন্দোনেশিয়ার সাইবার লাইব্রেরি পরিদর্শন

## বেলিড নির্বাহী সদস্য মোঃ মনিরুজ্জামান সাংবাদিকতা ও গনযোগাযোগ বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীতে অসামান্য ফলাফল লাভ করায় মাননীয় রাষ্ট্রপতির স্বর্ণ পদক লাভ



মহামান্য রাষ্ট্রপতির পক্ষে মাননীয় শিক্ষা মন্ত্রী জাতিসংঘ তথ্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও বেলিড নির্বাহী সদস্য মোঃ মনিরুজ্জামান-কে সমাবর্তন অনুষ্ঠানে স্বর্ণপদক ও সার্টিফিকেট প্রদান করছেন

বেলিড নির্বাহী সদস্য ও জাতিসংঘ তথ্য কেন্দ্রের অধিকর্তা জনাব মোঃ মনিরুজ্জামান ড্যাফডিল ইন্টারন্যাশনাল ইউনির্ভাসিটি থেকে দুই বছর মেয়াদী সাংবাদিকতা ও গণযোগাযোগ বিষয়ে মাস্টার্স পরীক্ষায় অসামান্য সাফল্য অর্জন করায় বিশ্ববিদ্যালয় সমাবর্তনে মাননীয় রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয় উপাচার্য কর্তৃক ড্যাফডিল ইন্টারন্যাশনাল ইউনির্ভাসিটি গোল্ড মেডেল লাভ করেন যা রাষ্ট্রপতির অনুপস্থিতিতে মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ, এম.পি কর্তৃক হস্তান্তর করা হয়।

বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগ থেকে জনাব মনিরুজ্জামান সর্বোচ্চ রেকর্ড ৩.৯৫ সিজিপিএ অর্জন করেন। উল্লেখ্য এটি জনাব মোঃ মনিরুজ্জামান দ্বিতীয় মাস্টার্স ডিগ্রী ।

## মো: জাহিদ হোসেন শোয়েব-এর পিএইচডি ডিগ্রি অর্জন



বেলিড এর জীবন সদস্য মো: জাহিদ হোসেন শোয়েব সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি লাভ করেছেন। তাঁর গবেষণা অভিসন্দর্ভের শিরোনাম 'Analysis of LibQUAL+ scores for service quality assessment in academic libraries of Bangladesh'। ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধীনে অধ্যাপক ড. এস. এম. জাবেদ আহমদ-এর তত্ত্বাবধানে তিনি এ গবেষণা সম্পন্ন করেন। এর আগে তিনি এই বিশ্ববিদ্যালয়ের একই বিভাগ থেকে এমএ ডিগ্রির পাশাপাশি এমফিল, ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ (আইইউবি) থেকে কম্পিউটার বিজ্ঞানে এমএসসি এবং ন্যাশনাল ইন্সটিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (এনআইআইটি) থেকে সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং ও সিস্টেমস ম্যানেজমেন্ট-এ গ্রাজুয়েশন সম্পন্ন করেন। আন্তর্জাতিক পিয়ার রিভিউড জার্নালে এ পর্যন্ত তাঁর দশটি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে। ড. জাহিদ বর্তমানে আইইউবিতে ডেপুটি লাইব্রেরিয়ান হিসেবে কর্মরত আছেন।

## মোঃ মুখলেছুর রহমানের বেলজিয়ামে গ্রন্থাগার ও তথ্য ব্যবস্থাপনা কর্মশালায় অংশগ্রহণ



প্রফেসর এগবার্ট ডি স্মেট ও মার্ক গ্রুভার্ট থেকে সার্টিফিকেট গ্রহন

বেলিডের গবেষণা ও উন্নয়ন সম্পাদক মোঃ মুখলেছুর রহমান বেলজিয়াম সরকারের VLIR-UOS স্কলারশিপের পৃষ্ঠপোষকতায় ইউনিভার্সিটি অব এন্টওয়ার্প, এন্টওয়ার্প, বেলজিয়াম-এ ০৮-২০ ডিসেম্বর ২০১৪ টুলস ফর ই-ইনফো ডিসকভারি সিসটেম ও শেয়ারিং ফ্লেমিস এক্সপার্টাইজ ইন ইনফরমেশন লিটারেসি ট্রেনিং উইথ সউদার্ন পার্টনার এর উপর দুটি কর্মশালায় আংশগ্রহণ করেন।

উক্ত কর্মশালায় এশিয়া, আফ্রিকা ও লাতিন আমেরিকার বিভিন্ন দেশের ১৪ জন প্রতিনিধি আংশগ্রহন করেন। উল্লেখ, জনাব রহমান VLIR-UOS স্কলারসিপের আওতায় উক্ত ইউনিভার্সিটি অব এন্টওয়ার্প-এ ২০১২ সালে ৩ মাস ব্যাপী 'Lib@Web: Management of Electronic Information and Digital Libraries' এর উপর এক আন্তর্জাতিক প্রশিক্ষন কর্মসুচীতে আংশগ্রহন করেন। জনাব রহমান বর্তমানে ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটিতে সহকারী গ্রন্থাগারিক হিসেবে কর্মরত রয়েছেন।

এ ছাড়া জনাব মুখলেছ রহমান গত ০৬-০৮ মার্চ, ২০১৪ ভারতের নর্থ-ইস্টার্ন হিল ইউনিভার্সিটি, শিলং, মেঘালয় কর্তৃক আয়োজিত ইন্টারন্যাশনাল কনফারেন্স ও ইনফরমেশন লিটারেসি ইন দা নলেজ সোসাইটি-তে অংশগ্রহণ এবং 'ইস্যুজ এন্ড চ্যালেঞ্জেস ফর ওপেন অ্যাক্সেস টু দা আর্কাইভসঃ এ কেস স্টাডি অফ দা বাংলাদেশ ন্যাশনাল আর্কাইভস (ন্যাব)' শীর্ষক এক প্রবন্ধ উপস্থাপন করেন ।

উল্লেখ্য মোঃ মুখলেছুর রহমান ও মুহাম্মাদ মেজবাহ-উল-ইসলাম (২০১৪) লিখিত "ইসুজ এন্ড স্ট্রাটিজি অফ ইন্সিটিউশনাল রিপজিটরিজ (আই আর) ইন বাংলাদেশঃ এ প্যারাডাইম শিফট" শীষক প্রবন্ধ দা ইলেক্ট্রনিক লাইব্রেরি, ভলিউম-৩২, ইসু-০১, পেইজঃ ৪৭-৬১ প্রকাশিত হয়।

**নিয়মিতভাবে বেলিড ওয়েব সাইট ভিজিট করুন এবং বেলিডের সর্বশেষ তথ্য জেনে নিম্ন ঠিকানায়:**

**www.balid.org**

## বেলিড পরিবারে নতুন মুখ

### জীবন সদস্য যারা হয়েছেন:

- ফাতেমা-তুজ-জোহরা, অফিসার-লাইব্রেরি, ইউল্যাব
- পিটার টুডু, লাইব্রেরি অফিসার, প্রেসিডেন্সি ইউনির্ভাসিটি, ঢাকা ।
- শাহরিমা পারভীন, লাইব্রেরি সার্কুলেশন অফিসার, ইস্ট ওয়েস্ট ইউনির্ভাসিটি, ঢাকা।
- রাকিবুর রহমান, লাইব্রেরি অফিসার, স্টামফোর্ড ইউনির্ভাসিটি, ঢাকা।
- ইশরাত জাহান, সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
- জনাব রাজীব মন্ডল, সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
- জনাব সামসুর রহমান সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
- কাজী ফারহানা সুলতানা, সহকারী গ্রন্থাগার কর্মকর্তা স্টেট ইউনিভার্সিটি
- তহুর আহমেদ, লাইব্রেরি সাকুলেশন অফিসার, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি, ঢাকা।
- কানিজ শারমিন, লাইব্রেরিয়ান, কসমো ইন্টারন্যাশানাল স্কুল এন্ড কলেজ ।
- মোঃ আকমল, লাইব্রেরিয়ান, চট্রগ্রাম স্টক এক্সচেঞ্জ
- চন্দ্রা রানী সাহা, বাংলাদেশ এগ্রিকালচার রিচার্স ইনস্টিটিউট
- মোঃ মাইদুল ইসলাম, প্রভাষক, ঢাকা বিশ্ববিদ্যালয়
- এস কে মামুন মোস্তফা, প্রভাষক, ঢাকা বিশ্ববিদ্যালয়
- সৈয়দা মুক্তা বেগম, সহকারী গ্রন্থাগারিক, আন্তর্জাতিক বিদ্যালয়, ঢাকা।
- সোনিয়া নাজনীন, সহকারী গ্রন্থাগার কর্মকর্তা, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, ঢাকা
- উষারানী বড়ুয়া, গ্রন্থাগারিক, সিরডাপ, ঢাকা
- রেজিনা আক্তার, গ্রন্থাগারিক, বাংলাদেশ শিশু একাডেমি।

### সাধারন সদস্য যারা হয়েছেন

- রেমিনা জান্নাত, ক্যাটালগার, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন।
- হাবিবুন নবী ফরহাদ, লাইব্রেরিয়ান, ন্যাশানাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজী, ঢাকা।
- ফারহানা আক্তার, সাভার, ঢাকা।

### সহযোগী সদস্য যারা হয়েছেন

- তাসনুভা তানভী, লালমাটিয়া মহিলা কলেজ

## নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে জাতিসংঘ দিবস উদ্‌যাপন



এনএসইউ উপাচার্য অধ্যাপক আমিন ইউ. সরকার এবং বেলিড নির্বাহী সদস্য ও জাতিসংঘ তথ্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ মনিরুজ্জামান জাতিসংঘ স্টল উদ্বোধন করছেন

জাতিসংঘ দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে জাতিসংঘ তথ্য কেন্দ্রের সহযোগীতায় নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় গত ২৭ অক্টোবর ২০১৪ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে একটি প্রদর্শনী মেলার আয়োজন করে। জাতিসংঘ তথ্য কেন্দ্রসহ বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা এই প্রদর্শনীতে বুথ স্থাপন করে। এ উপলক্ষ্যে জাতিসংঘের বিভিন্ন প্রকাশনা ছাত্র-ছাত্রীদের মাঝে বিতরণ করা হয়। গত ৪০ বছরে বাংলাদেশে জাতিসংঘের কর্মকান্ড নিয়ে একটি ডিজিটাল প্রদর্শনীও এতে স্থান পায়। নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আমিন ইউ. সরকার ও জাতিসংঘ তথ্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ মনিরুজ্জামান যৌথভাবে জাতিসংঘ স্টলটির উদ্বোধন করেন। অনুষ্ঠানে মাননীয় উপাচার্য কর্তৃক জাতিসংঘের লোগো সম্বলিত একটি কেক কাটা হয় এবং পরে অংশগ্রহনকারীদের মাঝে পরিবেশন করা হয়।

## অর্থনীতিতে মাস্টার্স ডিগ্রী অর্জন



সনদ গ্রহণ করছেন মোঃ আবু বক্কর সিদ্দিক

বাংলাদেশ ব্যাংকের উপ-পরিচালক জনাব মোঃ আবু বক্কর সিদ্দিক Japanese Grant Aid for Human Resources Development Scholarship (JDS) এর অধীনে ১০ম ব্যাচে জাপানের Ritsumeikan University থেকে অর্থনীতিতে ২(দুই) বছর মেয়াদী মাস্টার্স ডিগ্রী লাভ করেন। মাস্টার্স পর্যায়ে তিনি **"Financial Development and Income Inequality with some Threshold Conditions: Bangladesh Perspective"** বিষয়ের উপর গবেষণা করেন।

উল্লেখ্য যে, ইতোপূর্বে ২০০৯ সালে মিরপুরস্থ বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট (বিআইবিএম) থেকে ১২তম ব্যাচে মাস্টার্স অব ব্যাংক ম্যানেজমেন্ট (এমবিএম)-এ অসামান্য কৃতিত্বের জন্য স্বর্ণপদক লাভ করেন। এছাড়া তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরি ম্যানেজমেন্ট থেকে ১৯৯৭ সালে বিএ (সম্মান) পরীক্ষায় প্রথম শ্রেণীতে তৃতীয় স্থান এবং ১৯৯৮ সালে এমএ পরীক্ষায় প্রথম শ্রেণীতে দ্বিতীয় স্থান লাভ করেন। তিনি বর্তমানে বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল স্ট্যাবিলিটি ডিপার্টমেন্টে উপ-পরিচালক হিসেবে কর্মরত আছেন।

## এনএসইউ মডেল ইউএন ২০১৫




এনএসইউ ট্রাষ্টি বোর্ডের চেয়্যারম্যান জনাব এম.এ কাশেম স্বারক প্রকাশনা অবমুক্ত করছেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি জাতিসংঘ তথ্য কেন্দ্রের ভারপ্রাপ্ত র্কমর্কতা ও বেলিড নিবাহী সদস্য মোঃ মনিরুজ্জামান ( বাম থেকে ২য়)

গত ৩০ জুলাই ২০১৫ নর্থ সাউথ ইউনির্ভাসিটিতে মডেল ইউএন ক্লাব তিন দিন ব্যাপী এক মডেল ইউএন সম্মেলনের আয়োজন করে। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ১৫০ জন ডেলিগেট এই সম্মেলনে অংশগ্রহণ করে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলঙ্কৃত করনে নর্থ সাউথ বিশ্বদ্যালয়ের ট্রাষ্টি বোর্ডের চেয়্যারম্যান জনাব এম.এ কাশেম এবং সভাপতিত্ব করনে একই বিশ্বদ্যালয়ের উপাচার্য আধ্যাপক আমিন ইউ সরকার। বিশেষ অতিথি হিসাবে বক্তব্য প্রদান করেন জাতিসংঘ তথ্য কেন্দ্রের ভারপ্রাপ্ত র্কমর্কতা মোঃ মনিরুজ্জামান, মার্কিন দূতাবাসের কালচারাল এ্যাফেয়ার্স অফিসার জর্জ মেসথজ এবং এন এস ইউ স্টুডেন্ট এ্যাফেয়ার্স ডিরেক্টর ড. এম. এমদাদুল হক। পরে প্রধান অতিথি অন্যান্য অতিথিদের নিয়ে মডেল ইউএন ক্লাবের একটি প্রকাশনা অবমুক্ত করেন।

## ইন্টারন্যাশনাল ফেডারেশন অব ফিল্ম আর্কাইভস্-এ অংশগ্রহণ

১১ এপ্রিল'২০১৪ তারিখের FIAF (International Federation of Film Archives) এর আমন্ত্রণের প্রেক্ষিতে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয় কর্তৃক ২০ এপ্রিল'২০১৪ তারিখের অফিস আদেশের সূত্রে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ এর লাইব্রেরিয়ান জনাব মোঃ নজরুল ইসলাম 70th FIAF Congress, Skopje- 2014 এ যোগদান করেন। ১৬০টি সদস্য ফিল্ম আর্কাইভের সংস্থা FIAF এর এবারের কংগ্রেসে বাংলাদেশের প্রতিনিধি হিসেবে জনাব ইসলাম যোগদান করেন।

## স্কলাসটিকা স্কুলে বিশ্ব বই দিবস উদযাপন



গত ২৩ এপ্রিল ২০১৫ স্কলাসটিকা স্কুলে বিশ্ব বই দিবস উপলক্ষ্যে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি'র লাইব্রেরিয়ান এবং বেলিড ও বিম এর চেয়াম্যান ড. মির্জা মোঃ রেজাউল ইসলাম।

## জাতিসংঘ লাইব্রেরি নেটওয়ার্ক কর্তৃক ২০১৫-পরবর্তী উন্নয়ন কার্যসূচী এবং ই-তথ্য সম্পদ: আমাদের অবস্থান্ বিষয়ে কর্মশালার আয়োজন



ওয়ার্কশপের রিসোর্স পার্সন ( বাম দিক থেকে) মোঃ মনিরুজ্জামান ড: মোঃ নাজিম উদ্দিন এবং হোচ্ছাম হাইদার চৌধুরী

ঢাকাস্থ জাতিসংঘ তথ্য কেন্দ্র ও আইসিডিডিআর,বি লাইব্রেরি যৌথভাবে গত ০৭ জানুয়ারী ২০১৩ তারিখে ২০১৫-পরবর্তী উন্নয়ন কার্যসূচী এবং ই-তথ্য সম্পদ: আমাদের অবস্থান কোথায় বিষয়ে এক কর্মশালার আয়োজন করে। জাতিসংঘ লাইব্রেরি নেটওয়ার্কের এই কর্মশালায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জাতিসংঘ তথ্য কেন্দ্রের অধিকর্তা কাজী আলী রেজা। এতে প্রায় ৪০ জন লাইব্রেরি ও তথ্য বিশেষজ্ঞ অংশগ্রহণ করেন। কর্মশালায় ২টি প্রবন্ধ উপস্থাপন করা হয়। ২০১৫-পরবর্তী উন্নয়ন কার্যসূচী শিরোনামে ১ম প্রবন্ধটি উপস্থাপন করেন জাতিসংঘ তথ্য কেন্দ্রের অধিকর্তা কাজী আলী রেজা এবং ই-তথ্য সম্পদ: আমাদের অবস্থান কোথায় শিরোনামে ২য় প্রবন্ধটি যৌথভাবে উপস্থাপন করেন জাতিসংঘ তথ্য কেন্দ্রের নলেজ ম্যানেজমেন্ট অফিসার ও জাতিসংঘ লাইব্রেরি নেটওয়ার্কের সদস্য সচিব মো. মনিরুজ্জামান, আইসিডিডিআর,বি লাইব্রেরি-এর সিনিয়র ম্যানেজার ড. মো. নাজিম উদ্দিন এবং ইন্ডিপেনডেন্ট বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক মো. হোচ্ছাম হায়দার চৌধূরী। পরে অংশগ্রহনকারীগন মুক্ত আলোচনায় অংশগ্রহন করেন। কর্মশালাটি সঞ্চালন করেন মো. মনিরুজ্জামান ।

## ডঃ মোঃ নাজিম উদ্দিনের সার্ক ওপেন একসেস কনফারেন্সে যোগদান




ছবিতে ডঃ নাজিম উদ্দিন (ডান দিক থেকে দ্বিতীয়)

আই.সি.ডি.ডি.আর.বি গ্রন্থাগারের সিনিয়র ম্যানেজার ডঃ মোঃ নাজিম উদ্দিন বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার-এর মনোনীত অংশগ্রহণকারী হিসেবে এস.ডি.সি এবং কাউন্সিল অব সায়েন্স এন্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ-এর যৌথ উদ্যোগে ভারতের পূনেতে ওপেন একসেস (ও.এ) কনফারেন্সে যোগদান করেন। ভারতের মহারাষ্ট্র রাজ্যের পূনেতে ন্যাশনাল কেমিক্যাল ল্যাবরেটরির ক্যাম্পাসে ১৩ অক্টোবর থেকে ১৫ অক্টোবর ২০১৪ সালে এটি অনুষ্ঠিত হয়। ডঃ নাজিম বাংলাদেশে ওপেন একসেস উদ্যোগের পর্যালোচনা শীর্ষক বিষয়ের উপর বক্তব্য উপস্থাপন করেন। সেশনটি সভাপতিত্ব করেন ডঃ আই.আর.এন. গৌদর। বাংলাদেশ, ভুটান ও শ্রীলংকা থেকে ২ জন করে এবং ভারতের ৮০জন প্রতিনিধি এতে অংশগ্রহণ করেন।

# বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র (১৫ খণ্ড)

**সম্পাদনায় : হাসান হাফিজুর রহমান**

তথ্য মন্ত্রণালয়ের পক্ষে
হাক্কানী পাবলিশার্স হতে প্রকাশিত।




মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানতে সংগ্রহ করুন হাসান হাফিজুর রহমান সম্পাদিত "বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র (১৫ খণ্ড)"।

**হাক্কানী পাবলিশার্স**
***Hakkani Publishers***
*মমতাজ প্লাজা (৪র্থ তলা) বাড়ি # ৭ সড়ক # ৪*
*ধানমন্ডি ঢাকা-১২০৫ ফোন:৯৬৬১১৪১ ৯৬১১৯৭১-৫*
*ফ্যাক্স: ৯৬৬২৮৪৪ ই-মেইল: hakkani@paramabd.com*

---

ELSEVIER

PEARSON

*Exclusive Distributor of*
PEARSON & ELSEVIER *for Bangladesh*

**Parama**
*Publishers & Distributors Ltd.*

**All Kinds of Business, Science & Technology and Health Science Books are Available with us !**

*Please Contract :*
***Parama Publishers & Distributors Ltd.***
*Momtaz Plaza (3rd Floor) House-7 Road-4*
*Dhanmondi Dhaka-1205 Bangladesh*
*Tel: (8802) 9661141 9611971-5*

***Customer Care No:*** *(88) 01811416010*
*Fax: (8802) 9662844*
*E-mail : info@paramabd.com*

## বেলিডের ২৯তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন



প্রতিষ্ঠা বার্ষিকীর কেক কাটছেন প্রধান অতিথি রিয়ার এডমিরাল (অবঃ) এম. ডি. খুরশেদ আলম

গত ২৪ জানুয়ারী ২০১৫ বেলিড এর ২৯তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষ্যে সিরডাপ আন্তর্জাতিক কনফারেন্স সেন্টারে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি রিয়ার এডমিরাল (অবঃ) এম. ডি. খুরশেদ আলম প্রধান অতিথির আসন অলংকৃত করেন। অনুষ্ঠানে প্রতিষ্ঠাকাল থেকে বর্তমান পর্যন্ত বেলিডের কার্যক্রম নিয়ে তৈরি একটি সংক্ষিপ্ত ভিডিও প্রদর্শন করা হয়। অনুষ্ঠানে বেলিডের প্রতিষ্ঠাকালীন সদস্যদের অবদান উল্লেখ করে তাদের সম্মান জানানো হয়। উপস্থিত প্রতিষ্ঠাকালীন সদস্যদের মধ্যে মিনহাজ উদ্দিন আহমেদ, হারুন-উর-রশিদ এবং এস.এম. শামসুজ্জামান তাদের স্মৃতি ও অভিজ্ঞতা উল্লেখ করে বক্তব্য রাখেন এবং বেলিডের তরুণ সদস্যদের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। প্রতিষ্ঠা বার্ষিকীকে স্মরণীয় করে রাখতে প্রধান অতিথি, বেলিড চেয়ারম্যান ও অন্যান্য সদস্যদের সাথে নিয়ে একটি কেক কাটেন। উল্লেখ্য ২৩ জানুয়ারী ১৯৮৬ বেলিড এর প্রতিষ্ঠা দিবস।

## বেলিডের জাতীয় সেমিনানের প্রস্তুতি সম্পন্ন



সেমিনার প্রস্তুতি সভায় বেলিড সদস্যবৃন্দ

"ক্রস টক অব ডিজিটাল রির্সোসেস ম্যানেজমেন্টঃ স্টেপ টুওর্য়াডস্ ডিজিটাল বাংলাদেশ" শীর্ষক দিনব্যাপী একটি জাতীয় সেমিনার বেলিড এর উদ্যোগে আগামী ২২শে আগস্ট ২০১৫ তারিখে সিরডাপ ইন্টারন্যাশানাল কনফারেন্স সেন্টারে অনুষ্ঠিত হতে যাচ্ছে। সেমিনারে উক্ত বিষয়ের উপর মূল প্রবন্ধসহ আটটি কারিগরি প্রবন্ধ উপস্থাপিত হবে। এতে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে ১৮০ জন গ্রন্থাগার ও তথ্য পেশাজীবি এবং তথ্য প্রকৌশলী অংশ গ্রহণ করার জন্য নিবন্ধন করেছেন। সেমিনারে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রনালয়ের সংসদীয় কমিটির মাননীয় সভাপতি জনাব ইমরান আহম্মেদ, এম.পি বিশেষ অতিথির আসন অলঙ্কৃত করবেন মাননীয় সংসদ সদস্য বেগম আক্তার জাহান ও এডভোকেট হোসনে আরা লুৎফা ডালিয়া।

## বেলিডর আইসিটি উইং এর সহযোগীতায় সেন্টার অন ইন্ট্রিগ্রেটেট রুরাল ডেভেলপমেন্ট ফর এশিয়া অ্যান্ড দি প্যাসিফিক (সিরডাপ) -এ ডিজিটাল রিপোজিটরি চালু

বেলিডের আইসিটি উইং এর সহযোগীতায় আন্তর্জাতিক প্রতিষ্ঠান সেন্টার অন ইন্ট্রিগ্রেটেট রুরাল ডেভেলপমেন্ট ফর এশিয়া অ্যান্ড দি প্যাসিফিক (সিরডাপ) সম্প্রতি ডিজিটাল রিপোজিটরি চালু করেছে। উক্ত রিপোজিটরিটি প্রতিষ্ঠায় ওপেন সোর্স সফটওয়্যার ডি-স্পেস ব্যবহার করা হয়। বেলিড আইসিটি উইং এর সদস্য মোঃ মুখলেসুর রহমান এবং কাজী ফরহাদ নোমান উক্ত সফটওয়্যারের মাধ্যমে ডিজিটাল গ্রন্থাগারটি প্রতিষ্ঠিত করতে সার্বিক সহায়তা প্রদান করেন। এছাড়া নর্দান বিশ্ববিদ্যালয়ে ডি-স্পেস ওপেন সোর্স সফটওয়্যার ব্যবহার করে ডিজিটাল রিপোজিটরি প্রতিষ্ঠা করতে বেলিডের পক্ষ থেকে কাজী ফরহাদ নোমান সার্বিক সহযোগীতা করেন ।

ডিজিটাল গ্রন্থাগার প্রতিষ্ঠায় বেলিডের প্রত্যক্ষ সহায়তা দেশের বিভিন্ন গ্রন্থাগারের মাঝে ব্যাপক সাড়া ফেলেছে এবং গ্রন্থাগার কর্মীদেরকে নিজ নিজ প্রতিষ্ঠানে ডিজিটাল গ্রন্থাগার প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা পালনে উৎসাহিত করছে। এখানে উল্লেখ্য যে, সম্পূর্ণ বিনামূল্যে প্রাপ্ত ওপেন সোর্স সফটওয়্যার সমূহের মাধ্যমে সরকারী ও বেসরকারি প্রতিষ্ঠানের গ্রন্থাগার সমূহকে কীভাবে অতি দ্রুত প্রশিক্ষিত নিজস্ব জনবলসহ ডিজিটাইজেশন এর আওতায় আনা যায়, এবং কি ভাবে এই সেবাকে আরও উন্নত ও টেকসই করা যায়, সে বিষয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে বিশদ আলোচনা চলছে।


**সম্পাদক**
মোঃ মনিরুজ্জামান

**সহযোগী সম্পাদক**
নমিতা আক্তার মুক্তি
মোঃ শফিউর রহমান
এ, কে, এম, নুরুল আলম

**সম্পাদনা পরিষদ**
**সভাপতি**
ড. মির্জা মোঃ রেজাউল ইসলাম

**সদস্য**
মোঃ মনিরুজ্জামান
মোঃ আব্দুল হাই ছামেনী
মোহাম্মদ হোচ্ছাম হায়দার চৌধুরী
ড. মোঃ নাজিম উদ্দিন
ড. মোঃ মোস্তাফিজুর রহমান
হাজেরা রহমান
নমিতা আক্তার মুক্তি
শশাঙ্ক কুমার সিংহ
ফরহাদুল ইসলাম ফরিদ
মোঃ মুখলেছুর রহমান
মোঃ শফিউর রহমান
এ. কে. এম. নুরুল আলম